# ৪৩তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা ২০২১

(তারিখ: ২৯/১০/২১)

## FB Page: Matrix BCS Series

## ৪৩তম বিসিএস এর ৩৫টি বাংলা প্রশ্নের মধ্যে ২৯টি কমন এসেছে Matrix বাংলা বই থেকে। পৃষ্ঠা নং সহ দেয়া হলো:

## বাংলা

**০১। কত সালে 'দুর্গেশনন্দিনী' উপন্যাস প্রথম প্রকাশিত হয়?** *[৪৩তম বিসিএস]*

(ক) ১৮৬০ (খ) ১৮৬১

(গ) ১৮৬৫ (ঘ) ১৮৬৭ **উত্তর:** গ

**ব্যাখ্যা:** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রথম উপন্যাস **দুর্গেশনন্দিনী ১৮৬৫** সালে প্রকাশিত হয়। এটি বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাস। তাঁর আরো কয়েকটি বিখ্যাত উপন্যাস - আনন্দমঠ, কৃষ্ণকান্তের উইল, বিষবৃক্ষ প্রভৃতি।

[Matrix বাংলা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ২৩৬]

**০২। বাংলা সাহিত্যে প্রথম মহিলা ঔপন্যাসিকের নাম কী?** *[৪৩তম বিসিএস]*

(ক) বেগম রোকেয়া (খ) কাদম্বরী দেবী

(গ) স্বর্ণকুমারী দেবী (ঘ) নূরুন্নাহার ফয়জুন্নেসা **উত্তর:** গ

**ব্যাখ্যা:** বাংলা সাহিত্যের প্রথম মহিলা ঔপন্যাসিক স্বর্ণকুমারী দেবী। ১৮৭৬ সালে তাঁর প্রথম উপন্যাস 'দীপনির্বাণ' প্রকাশিত হয়।

[Matrix বাংলা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং-৮৫]

**০৩। 'আমার দেখা নয়াচীন' কে লিখেছেন?** *[৪৩তম বিসিএস]*

(ক) মওলানা ভাসানী (খ) আবুল ফজল

(গ) শহীদুল্লা কায়সার (ঘ) শেখ মুজিবুর রহমান **উত্তর:** ঘ

**ব্যাখ্যা:** বঙ্গবন্ধু ১৯৫২ ও ১৯৫৭ সালে দুবার চীন সফর করেছিলেন। বঙ্গবন্ধু চীন সফরের ওপর যে ডায়েরি লিখেছেন, তারই গ্রন্থ রূপ হলো 'নয়া চীন ভ্রমণ'। গ্রন্থটি ২০২০ সালের একুশে গ্রন্থমেলায় প্রকাশিত হয়। এটি প্রকাশ করছে বাংলা একাডেমি। তাঁর রচিত অন্যান্য গ্রন্থ: অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, আমার কিছু কথা (প্রকাশিতব্য)

[Matrix বাংলাদেশ (জুন'২০২১ সংস্করণ)]

Matrix BCS Series

**০৪। মনসা দেবীকে নিয়ে লেখা বিজয়গুপ্তের মঙ্গলকাব্যের নাম কী?** *[৪৩তম বিসিএস]*

(ক) 'মনসামঙ্গল' (খ) 'মনসাবিজয়'
(গ) 'পদ্মাপুরাণ' (ঘ) 'পদ্মাবতী' **উত্তর:** গ

**ব্যাখ্যাঃ** সাপের অধিষ্ঠাত্রী দেবী মনসা । লৌকিক ভয়ভীতি থেকেই এ দেবীর উদ্ভব। তাঁর অপর নাম কেতকা ও পদ্মাবতী। এই দেবীর কাহিনী নিয়ে রচিত কাব্য **'মনসামঙ্গল'** নামে পরিচিত। বিজয়গুপ্তের মঙ্গলকাব্যের নাম **'পদ্মাপুরাণ'**। চাঁদ সদাগরের বিদ্রোহ ও বেহুলার সতীত্ব কাহিনীর জন্য মনসামঙ্গল সর্বাধিক জনপ্রিয়তা অর্জন করেছিল।

**[Matrix বাংলা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৪৪]**

**০৫। দৌলত উজির বাহরাম খান সাহিত্য সৃষ্টিতে কার পৃষ্ঠপোষকতা লাভ করেন?** *[৪৩তম বিসিএস]*

(ক) সুলতান গিয়াসউদ্দিন আজম শাহ (খ) কোরেশী মাগন ঠাকুর
(গ) সুলতান বরবক শাহ (ঘ) জমিদার নিজাম শাহ **উত্তর:** ঘ

**ব্যাখ্যাঃ** দৌলত উজির বাহরাম খান সাহিত্য সৃষ্টিতে জমিদার নিজাম শাহের পৃষ্ঠপোষকতা লাভ করেন। তিনি নিজাম শাহের কাছ থেকেই দৌলত উজির উপাধি পেয়েছিলেন।

**০৬। কোনটি নামধাতুর উদাহরণ?** *[৪৩তম বিসিএস]*

(ক) চল্ (খ) কর্
(গ) বেতা (ঘ) পড় **উত্তর:** গ

**ব্যাখ্যাঃ**

- বিশেষ্য, বিশেষণ এবং ধ্বন্যাত্মক অব্যয়ের পরে 'আ' প্রত্যয়যোগে যে সব ধাতু গঠিত হয়, সেগুলোকে নামধাতু বলা হয়। [এই ধাতুর ক্রিয়াকে নাম ধাতুর ক্রিয়াপদ বলে]
- বেত (বিশেষ্য) + আ (প্রত্যয়)=√বেতা (নামধাতু)। যথা- শিক্ষক ছাত্রটিকে বেতাচ্ছেন।
- বাঁকা(বিশেষণ) + আ (প্রত্যয় ) = √ বাঁকা (নামধাতু)। যথা-কঞ্চিটি বাঁকিয়ে ধর।
- অপরদিকে চ্‌ল, ক্‌র, প্‌ড় এগুলো মৌলিক ধাতু বা ক্রিয়ামূলের উদাহরণ।

**[Matrix বাংলা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৬২৫]**

**০৭। 'গড্ডলিকা প্রবাহ' বাগধারায় 'গড্ডল' শব্দের অর্থ কী?** *[৪৩তম বিসিএস]*

(ক) স্রোত (খ) ভেড়া
(গ) একত্র (ঘ) ভাসা **উত্তর:** খ

**ব্যাখ্যাঃ** 'গড্ডল', গড্ডর শব্দের স্ত্রীলিঙ্গ, যার অর্থ 'ভেড়া' কিংবা 'মেষ'। কাজেই এই 'গড্ডলিকা'বলতে বুঝায় একটা মেষ দলের সামনে থাকা আগুয়ান মেষটিকে এবং বাকি ভেড়ারা অন্ধভাবে তাকে অনুসরণ করে আর দলটা একটি নদীর মতো বইতে বইতে এগোতে থাকে। এরূপ অনুপ্রেরণায় যখন কেউ অন্ধভাবে, নিজে কোনও বিবেচনা না করে সবাই করেছে দেখে কোন কাজে নিয়োজিত হয়, তখন 'গড্ডলিকা প্রবাহ', 'মেষদল', 'ভেড়ার পাল' এই সমস্ত কথাগুলো ব্যবহার হয়।

**০৮। 'তাতে সমাজ জীবন চলে না" - এ বাক্যটির অস্তিবাচক রূপ কোনটি?** *[৪৩তম বিসিএস]*

ক. তাতে সমাজ জীবন চলে। খ. তাতে না সমাজ জীবন চলে।
গ. তাতে সমাজ জীবন অচল হয়ে পড়ে। ঘ. তাতে সমাজ জীবন সচল হয়ে পড়ে। **উত্তর:** গ

**ব্যাখ্যাঃ** বাক্যে 'না', 'নয়' 'নহে', 'নি', 'নেই', 'নাহি', 'নাই' ইত্যাদি নঞর্থক অব্যয়যোগে অস্তিবাচক বাক্যের বিধেয় ক্রিয়াকে (সমাপিকা ক্রিয়াকে) নেতিবাচক বাক্যে রূপান্তর কর হয়। যেমন: নেতিবাচক বাক্য: "তাতে সমাজজীবন চলে না। এর অস্তিবাচক বাক্য: তাতে সমাজজীবন অচল হয়ে পড়ে। অনুরূপভাবে নেতিবাচক বাক্য: মন নিচুতে নামতে চায় না। এর অস্তিবাচক বাক্য: মন নিচুতে নামতে অনিচ্ছুক।

[Matrix বাংলা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৭১১]

**০৯. 'তোমারেই যেন ভালোবাসিয়াছি শতরূপে শতবার/জনমে জনমে যুগে যুগে অনিবার।' - রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কবিতার অংশ?** *[৪৩তম বিসিএস]*

ক. অনন্ত প্রেম
খ. উপহার
গ. ব্যক্ত প্রেম
ঘ. শেষ উপহার

**উত্তর:** ক

**১০. হরপ্রসাদ শাস্ত্রীর উপাধি কী?** *[৪৩তম বিসিএস]*

ক. পণ্ডিত
খ. বিদ্যাসাগর
গ. শাস্ত্রজ্ঞ
ঘ. মহামোহপাধ্যায়

**উত্তর:** ঘ

**ব্যাখ্যাঃ** **মহামহোপাধ্যায়** হরপ্রসাদ শাস্ত্রী (৬ ডিসেম্বর, ১৮৫৩ - ১৭ নভেম্বর, ১৯৩১) ছিলেন বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন চর্যাপদের আবিষ্কর্তা। তার আসল নাম ছিল হরপ্রসাদ ভট্টাচার্য। তিনি সন্ধ্যাকর নন্দী রচিত রামচরিতম্ বা রামচরিতমানস পুঁথির সংগ্রাহক।

[Matrix বাংলা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ২০]

**১১. ক্ষুদ্র জাতিগোষ্ঠী নিয়ে লেখা উপন্যাস কোনটি?** *[৪৩তম বিসিএস]*

ক. তেইশ নম্বর তৈলচিত্র
খ. ক্ষুধা ও আশা
গ. কর্ণফুলি
ঘ. ধানকন্যা

**উত্তর:** গ

**ব্যাখ্যাঃ** আলাউদ্দিন আল আজাদ রচিত সাহিত্যকর্ম:

- **তেইশ নম্বর তৈলচিত্র** (মনস্তাত্ত্বিক বিশ্লেষণমূলক গ্রন্থ। এই উপন্যাসটি 'বসুন্ধরা' নামে চলচ্চিত্রায়িত হয়ে জাতীয় চলচ্চিত্র পুরস্কার লাভ করে)।
- **ক্ষুধা ও আশা** (উপন্যাস)
- **কর্ণফুলি** ('চাকমা' উপজাতীয়দের জীবনচিত্র নিয়ে রচিত উপন্যাস। এটি ১৯৬২ সালে প্রকাশিত হয়।)
- **ধানকন্যা** (নাটক)

[Matrix বাংলা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ১৬৯, ৪৩৫]

**১২. 'নীল লোহিত' কোন লেখকের ছদ্মনাম** *[৪৩তম বিসিএস]*

ক. অরুণ মিত্র
খ. সমরেশ বসু
গ. সুনীল গঙ্গোপাধ্যায়
ঘ. সমরেশ মজুমদার

**উত্তর:** গ

**ব্যাখ্যাঃ**

| লেখকের প্রকৃত নাম | ছদ্মনাম |
|---|---|
| অরুণ মিত্র | - |
| সমরেশ বসু | কালকূট |
| সুনীল গঙ্গোপাধ্যায় | নীল লোহিত/নীল উপাধ্যায়/ সনাতন পাঠক |
| সমরেশ মজুমদার | - |

Matrix BCS Series

[Matrix বাংলা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ১৬৫]

**১৩. বাকযন্ত্রের অংশ কোনটি?** *[৪৩তম বিসিএস]*

ক. স্বরযন্ত্র খ. ফুসফুস

গ. দাঁত ঘ. সবগুলো **উত্তর:** ঘ

**ব্যাখ্যাঃ**

ধ্বনি উচ্চারণ করতে যেসব প্রত্যঙ্গ কাজে লাগে, সেগুলোকে একত্রে বাগ্‌যন্ত্র বলে। মানবদেহের উপরিভাগে অবস্থিত ফুসফুস থেকে শুরু করে ঠোঁট পর্যন্ত ধ্বনি উৎপাদনে ব্যবহৃত প্রতিটি প্রত্যঙ্গই বাগ্‌যন্ত্রের অন্তর্ভুক্ত। এর মধ্যে রয়েছে ফুসফুস, শ্বাসনালী, স্বরযন্ত্র, স্বরতন্ত্র, জিভ, ঠোঁট, নিচের চোয়াল, দাঁত, তালু ও গলনালি।

[Matrix বাংলা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৫২১]

**১৪. চর্যাপদের প্রাপ্তিস্থান কোথায়?** *[৪৩তম বিসিএস]*

ক. বাংলাদেশ খ. নেপাল

গ. উড়িষ্যা ঘ. ভূটান **উত্তর:** খ

**ব্যাখ্যাঃ** ১৯০৭ খ্রিস্টাব্দে মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী, নেপালের রাজদরবারের গ্রন্থশালা থেকে চর্যাপদের একটি খণ্ডিত পুঁথি উদ্ধার করেন।

[Matrix বাংলা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ২০]

**১৫. কোনটি মুক্তিযুদ্ধ ভিত্তিক উপন্যাস?** *[৪৩তম বিসিএস]*

ক. কাঁদো নদী কাঁদো খ. নেকড়ে অরণ্য

গ. রাঙা প্রভাত ঘ. প্রদোষে প্রাকৃতজন **উত্তর:** খ

**ব্যাখ্যাঃ**

* **কাঁদো নদী কাঁদো** (১৯৬৮): সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত এই উপন্যাসের বিষয়বস্তু - নদীর সাথে জীবনের তুলনা।

* **নেকড়ে অরণ্য** (১৯৭৩): শওকত ওসমান রচিত মুক্তিযুদ্ধ ভিত্তিক উপন্যাস।

* **রাঙা প্রভাত** (১৯৫৭): রচয়িতা আবুল ফজল

* **প্রদোষে প্রাকৃতজন** (১৯৮৪): রচয়িতা শওকত আলী

*শওকত ওসমান মুক্তিযুদ্ধকে পটভূমি করে চারটি উপন্যাস লিখেছেন: জাহান্নাম হতে বিদায় (১৯৯১)১, দুই সৈনিক (১৯৭৩)২, নেকড়ে অরণ্য (১৯৭৩)৩ ও জলাংগী (১৯৭৪)।*

[Matrix বাংলা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ১৩৭]

**১৬. বড় > বড্ড এটি কোন ধরনের পরিবর্তন?** *[৪৩তম বিসিএস]*

ক. বিষমীভবন খ. সমীভবন

গ. ব্যঞ্জনদ্বিত্ব ঘ. ব্যঞ্জন বিকৃতি **উত্তর:** গ

**ব্যাখ্যাঃ** **দ্বিত্ব ব্যঞ্জন বা ব্যঞ্জনদ্বিত্ব:** কখনো কখনো জোর দেওয়ার জন্য শব্দের অন্তর্গত ব্যঞ্জনের দ্বিত্ব উচ্চারণ হয়, একে বলে দ্বিত্ব ব্যঞ্জন বা ব্যঞ্জনদ্বিত্বতা। যেমন: বড় > বড্ড, পাকা> পাক্কা, সকাল >সক্কাল ইত্যাদি।

[Matrix বাংলা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৫৩৩]

Matrix BCS Series

**১৭. 'সপ্তকাণ্ড রামায়ণ' বাগধার অর্থ কি?** *[৪৩তম বিসিএস]*

ক. রামায়নর সাত পর্ব    খ. রামায়নে বর্ণিত বৃক্ষ
গ. রামায়ন বর্ণিত সাতটি সমুদ্র    ঘ. বৃহৎ বিষয়    **উত্তর: ঘ**

**ব্যাখ্যাঃ** **সপ্তকাণ্ড রামায়ণ** বাগধারাটির অর্থ - বৃহৎ বিষয়। যেমন: সপ্তকাণ্ড রামায়ণ না আউড়িয়ে আসল কথাটাই বল।

**[Matrix বাংলা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৯৭২]**

**১৮. 'আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর' কার লেখা?** *[৪৩তম বিসিএস]*

ক. এস. ওয়াজেদ আলী    খ. আবুল হাসেম
গ. আবুল মনসুর আহমেদ    ঘ. আবুল হোসেন    **উত্তর: গ**

**ব্যাখ্যাঃ** 'আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর'- আবুল মনসুর আহমদ এর বিখ্যাত গ্রন্থ। এতে আজকের বাংলাদেশ নামে পরিচিত ভূখণ্ডটির ১৯২০ থেকে ১৯৭০ সাল পর্যন্ত ইতিহাস আছে। তার রচিত অন্যান্য গ্রন্থ শেরে বাংলা থেকে বঙ্গবন্ধু, আয়না, ফুডকনফারেন্স, গালিভারের সফর নামা, আসমানি পর্দা, হুজুর কেবলা, আবে হায়াত ইত্যাদি।

[Matrix বাংলা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৩৫৩]

**১৯. 'ঐ খেপেছে পাগলী মায়ের দামাল ছেলে- কে এই দামাল ছেলে?** *[৪৩তম বিসিএস]*

ক. কাজী নজরুল ইসলাম    খ. কামাল পাশা
গ. চিত্তরঞ্জন দাস    ঘ. সুভাষ বসু    **উত্তর: খ**

**ব্যাখ্যাঃ** 'ঐ খেপেছে পাগলী মায়ের দামাল ছেলে' - এটি বিদ্রোহী কবি নজরুল রচিত কবিতা 'কামাল পাশা'র অন্তর্ভুক্ত লাইন। কবি এখানে দামাল ছেলে বলতে কামাল ভাই অর্থাৎ কামাল পাশাকে বুঝিয়েছেন।

**২০. 'Attested' শব্দের বাংলা পরিভাষা কি?** *[৪৩তম বিসিএস]*

ক. প্রত্যায়িত    খ. সত্যায়িত
গ. প্রত্যয়িত    ঘ. সত্যয়িত    **উত্তর: খ**

**ব্যাখ্যাঃ** Attested এর বহুল ব্যবহৃত বাংলা পারিভাষিক শব্দ হচ্ছে 'সত্যায়িত'। সূত্র হিসেবে বাংলা একাডেমী English to Bengali dictionary উল্লেখ করা যেতে পারে। ড. শাহজাহান মনিরের বাংলা ব্যাকরণে attestation শব্দটির বাংলা দেয়া হয়েছে সত্যায়ন।

**[Matrix বাংলা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৮৪২]**

**২১. 'ডেকে ডেকে হয়রান হচ্ছি - এ বাক্যে ডেকে ডেকে কোন অর্থ প্রকাশ করে?** *[৪৩তম বিসিএস]*

ক. অসহায়ত্ব    খ. বিরক্তি
গ. কালের বিস্তার    ঘ. পৌনঃপুনিকতা    **উত্তর: ঘ**

**ব্যাখ্যাঃ** বিভক্তিযুক্ত পদের দুইবার ব্যবহারে পদের দ্বিরুক্তি হয়। সাধারণত দুই পদে একই বিভক্তি ব্যবহৃত হয়। তবে আংশিক ধ্বনিগত পরিবর্তন ঘটে। যেমন: পদের দ্বিরুক্তির প্রয়োগে ক্রিয়াবাচক শব্দের ব্যবহার হিসেবেঃ ডেকে ডেকে হয়রান হচ্ছি পৌনঃপুনিকতার উদাহরণ।
অনুরূপভাবে স্বল্পকাল স্থায়ী বোঝাতে- দেখতে দেখতে আকাশ কালো হয়ে এলো।

**[Matrix বাংলা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৭২৯]**

Matrix BCS Series

২২. **'মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে' কাব্যগ্রন্থের কবি কে?** *[৪৩তম বিসিএস]*

ক. রফিক আজাদ খ. শঙ্খ ঘোষ
গ. শক্তি চট্টোপাধ্যায় ঘ. শামসুর রাহমান **উত্তর:** খ

**ব্যাখ্যাঃ** মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে - কাব্যগ্রন্থটির কবি শঙ্খ ঘোষ। গ্রন্থটি ১৯৮৪ সালে প্রকাশিত হয়। তাঁর উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ— দিনগুলি রাতগুলি, বাবরের প্রার্থনা, **মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে**, গান্ধর্ব কবিতাগুচ্ছ প্রভৃতি।

**[Matrix বাংলা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৪৭২]**

২৩. **'আসমান' কোন ভাষা থেকে আগত?** *[৪৩তম বিসিএস]*

ক. পর্তুগিজ খ. ফরাসি
গ. আরবি ঘ. ফারসি **উত্তর:** ঘ

**ব্যাখ্যাঃ** আসমান শব্দটি ফারসি ভাষা থেকে আগত। ফারসি ভাষা থেকে আগত কয়েকটি শব্দ- আবহাওয়া, আওয়াজ, আফসোস, অজুহাত, আবাদ, আদমি, আমেজ, ইত্যাদি।

২৪. **নিম্নবিবৃত স্বরধ্বনি কোনটি?** *[৪৩তম বিসিএস]*

ক. আ খ. ই
গ. এ ঘ. অ্যা **উত্তর:** ক

**ব্যাখ্যাঃ** যে স্বরধ্বনির উচ্চরণে মুখ বিবর সবচেয়ে বেশি উন্মুক্ত বা খোলা থাকে তাকে **বিবৃত স্বরধ্বনি** বলা হয়। বাংলা ভাষার এ-জাতীয় স্বর মাত্র একটি [আ]।

**[Matrix বাংলা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৫০৮]**

২৫. **'জিজীবিষা' শব্দেটির অর্থ কি?** *[৪৩তম বিসিএস]*

ক. জীবননাশের ইচ্ছা খ. বেঁচে থাকার ইচ্ছা
গ. জীবনকে জানার ইচ্ছা ঘ. জীবন-জীবিকার পথ **উত্তর:** খ

**ব্যাখ্যাঃ** জিজীবিষা- 'বেচেঁ' থাকার ইচ্ছা। জিগীষা - জয় করার ইচ্ছা।

**[Matrix বাংলা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৯৩২]**

২৬. **ভুল বানান কোনটি?** *[৪৩তম বিসিএস]*

ক. ভূবন খ. অন্তঃসার
গ. মুহূর্ত ঘ. অদ্ভুত **উত্তর:** ক

**ব্যাখ্যাঃ** ভূবন শব্দের সঠিক বানান ভুবন। অন্তঃসার, মুহূর্ত, অদ্ভুত এই তিনটি বানানই শুদ্ধ।

**[Matrix বাংলা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৮১৫]**

২৭. **"যিনি বিদ্বান, তিনি সর্বত্র আদরণীয়।' এটি কোন ধরনের বাক্য?** *[৪৩তম বিসিএস]*

ক. সরল বাক্য খ. জটিল বাক্য
গ. যৌগিক বাক্য ঘ. খণ্ড বাক্য **উত্তর:** খ

**ব্যাখ্যাঃ** যে বাক্যে একটি প্রধান খণ্ডবাক্যে ও এক বা একাধিক আশ্রিত বাক্য পরস্পর সাপেক্ষ ভাবে ব্যবহৃত হয়, তাকে **মিশ্র বা জটিল বাক্য** বলে। যথা: যিনি বিদ্বান, তিনি সর্বত্র আদরণীয়; যতই পরিশ্রম করবে ততই ফল পাবে।

**[Matrix বাংলা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৭০৬]**

Matrix BCS Series

**২৮. 'চিকিৎসাশাস্ত্র' কোন সমাস?** *[৪৩তম বিসিএস]*

ক. কর্মধারয় খ. বহুব্রীহি

গ. অব্যয়ীভাব ঘ. তৎপুরুষ **উত্তর:** ক

**ব্যাখ্যাঃ** যে কর্মধারয় সমাসে ব্যাসবাক্যের মধ্যপদের লোপ হয়, তাকে **মধ্যপদলোপী কর্মধারয় সমাস** বলে। যথা: চিকিৎসা বিষয়ক শাস্ত্র = চিকিৎসাশাস্ত্র; সাহিত্য বিষয়ক সভা = সাহিত্যসভা; সিংহ চিহ্নিত আসন = সিংহাসন।

**[Matrix বাংলা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৬৭১]**

**২৯. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কোথায় জন্মগ্রহণ করেন?** *[৪৩তম বিসিএস]*

ক. চৌবেরিয়া গ্রাম, নদীয়া খ. কাঁঠালপাড়া গ্রাম, চব্বিশ পরগনা

গ. বীরসিংহ গ্রাম, মেদিনীপুর ঘ. দেবানন্দপুর, হুগলি **উত্তর:** গ

**ব্যাখ্যাঃ**

- ১৮২০ সালের ২৬ সেপ্টেম্বর ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মেদিনীপুর জেলার বীরসিংহ গ্রামে জন্মগ্রহণ করেন।
- তাঁর পিতার নাম ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায় এবং মায়ের নাম ভগবতী দেবী।
- তাঁর পারিবারিক নাম ঈশ্বরচন্দ্র বন্দ্যোপাধ্যায়।
- ১৮৩৯ সালে সংস্কৃত কলেজ থেকে তিনি 'বিদ্যাসাগর' উপাধি লাভ করেন।
- তিনি ঈশ্বরচন্দ্র শর্মা নামে স্বাক্ষর করতেন।

**[Matrix বাংলা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ২১১]**

**৩০. 'মুসলিম সাহিত্য সমাজ' - প্রতিষ্ঠিত হয়–** *[৪৩তম বিসিএস]*

ক. ১৯ ফেব্রুয়ারী ১৯২৬ খ. ১৯ জানুয়ারি ১৯২৬

গ. ১৯ মার্চ ১৯২৬ ঘ. ২৬ মার্চ ১৯২৭ **উত্তর:** খ

**ব্যাখ্যাঃ** ১৯ জানুয়ারি ১৯২৬ খ্রিস্টাব্দে ঢাকায় প্রতিষ্ঠিত **'মুসলিম সাহিত্য সমাজ'** এ সংগঠনটির মাধ্যমে 'বুদ্ধির মুক্তি' আন্দোলনের সূত্রপাত হয়। ১৯৩৭ সাল পর্যন্ত মাত্র এক দশক ধরে চলেছিল এই ঢাকা কেন্দ্রিক গোষ্ঠীটির কার্যক্রম।

**[Matrix বাংলা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৮০]**

**৩১. সজনীকান্ত দাস সম্পাদিত পত্রিকার নাম কী?** *[৪৩তম বিসিএস]*

ক. শনিবারের চিঠি খ. রবিবারের ডাক

গ. বিজলি ঘ. বঙ্গদর্শন **উত্তর:** ক

**ব্যাখ্যাঃ** সজনীকান্ত দাস বিংশ শতাব্দীর প্রথম ভাগের বাংলা সাহিত্য আন্দোলনের অন্যতম প্রধান ব্যক্তিত্ব। শনিবারের চিঠি পত্রিকার সম্পাদক হিসেবে তার প্রধান পরিচিতি। শনিবারের চিঠি ছাড়াও তিনি বঙ্গশ্রী, শারদীয়া আনন্দবাজার পত্রিকা, অলকা, প্রভৃতি পত্রিকা সম্পাদনা করেছেন। এছাড়াও চিত্রলেখা, বিজলী, যুগবাণী, যুগান্তর প্রভৃতি পত্রিকার প্রকাশনায় তার বড়ো ভূমিকা ছিলো।

**[Matrix বাংলা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ১৭৩]**

**৩২. 'মানুষের মৃত্যু হলে তবুও মানব থেকে যায়' - কে রচনা করেন এই কাব্যাংশ?** *[৪৩তম বিসিএস]*

ক. সুধীন্দ্রনাথ দত্ত খ. প্রেমেন্দ্র মিত্র

গ. সমর সেন ঘ. জীবনানন্দ দাশ **উত্তর:** ঘ

**ব্যাখ্যাঃ** মানুষের মৃত্যু হলে তবুও মানব থেকে যায়;
অতীতের থেকে উঠে আজকের মানুষের কাছে প্রথমত চেতনার পরিমাপ নিতে আসে।

**- জীবনানন্দ দাশ**

Matrix BCS Series

**৩৩। রবীন্দ্রনাথ কোন কারক বাদ দিতে চেয়েছিলেন?** *[৪৩তম বিসিএস]*

(ক) করণ কারক (খ) সম্প্রদান কারক

(গ) অপাদান কারক (ঘ) অধিকরণ কারক **উত্তর:** খ

**ব্যাখ্যাঃ** বাংলায় সম্প্রদান কারকের প্রয়োজন নেই - এ কথা রবীন্দ্রনাথ অনেক আগেই বলেছিলেন। নতুন ব্যাকরণে সম্প্রদান কারক বাদ দেওয়া হয়েছে। আবার সম্বন্ধ কারক বলে নতুন কারক যুক্ত করা হয়েছে। তাই আগের মতোই কারক আছে ছয় প্রকার।

**৩৪। কেন্তমের কোন দুটি শাখা এশিয়ার অন্তর্গত?** *[৪৩তম বিসিএস]*

(ক) হিত্তিক ও তুখারিক (খ) তামিল ও দ্রাবিড়

(গ) আর্য ও অনার্য (ঘ) মাগধী ও গৌড়ী **উত্তর:** ক

**ব্যাখ্যাঃ** হিত্তিক ও তুখারিক হচ্ছে কেন্তমের এশীয় অঞ্চলের শাখা এবং হেল্লেনিক, ইতালো-কেলটিক, টিউটোনিক বা জার্মানিক কেন্তমের ইউরোপীয় শাখা। তামিল ও দ্রাবিড়, আর্য ও অনার্য এবং মাগধী ও গৌড়ী শতমের শাখা।

[Matrix বাংলা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ১১]

**৩৫। 'রুখের তেগুলি কুমীরে খাই'-এর অর্থ কী?** *[৪৩তম বিসিএস]*

(ক) তেজি কুমিরকে রুখে দিই (খ) বৃক্ষের শাখায় পাকা তেঁতুল

(গ) গাছের তেঁতুল কুমিরে খায় (ঘ) ভুল থেকে শিক্ষা নিতে হয় **উত্তর:** গ

**ব্যাখ্যাঃ** 'রুখের তেগুলি কুমীরে খাই' - এর অর্থ গাছের তেঁতুল কুমিরে খায়। চর্যাপদের মহিলা কবি কক্কুরীপা রচিত পদে উক্ত কথাটি পাওয়া যায়।

যে কোন পরীক্ষার কাঙ্ক্ষিত প্রস্তুতির লক্ষ্যে
আপডেট তথ্য পেতে যুক্ত থাকুন:

Facebook Page

Matrix BCS Series

# ৪৩তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা ২০২১

(তারিখ: ২৯/১০/২১)

Facebook Page: Matrix BCS Series

৪৩তম বিসিএস এর ৩৫টি ইংরেজি প্রশ্নের মধ্যে ৩৪টি কমন এসেছে
Matrix MP3 English Review এই বই থেকে।
পৃষ্ঠা নং সহ দেয়া হলো:

## English

**০১. Who is not a not an Irish writer?**

(ক) Oscar Wilde (খ) James Joyce
(গ) Jonathan Swift (ঘ) D. H. Lawrence **উত্তর: ঘ**

ব্যাখ্যাঃ D. H. Lawrence (David Herbert Lawrence) একজন প্রখ্যাত ইংরেজ সাহিত্যিক।

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -90]

**০২. 'A <u>herd</u> of cattle is passing.' The underlined word is a**

(ক) adverb (খ) adjective
(গ) collective noun (ঘ) abstract noun **উত্তর: গ**

ব্যাখ্যাঃ যে **noun** দ্বারা এক জাতীয় কতগুলি ব্যক্তি বা বস্তু সমষ্টিকে বুঝায়, তাকে **Collective noun** বলে।

**Example:** army, class, party, navy, library, group, meeting, jury, soldiers, crowd, team, committee, mob, gang, family, herd, audience, council, public, cabinet, company, society, troupe, corporation, senate, faculty, board etc.

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -167]

**০৩. What is the antonym for the word 'deformation'?**

(ক) distortion (খ) contortion
(গ) wholeness (ঘ) disfigurement **উত্তর: গ**

ব্যাখ্যাঃ deformation = বিকৃতি। wholeness = সম্পূর্ণতা।

**০৪. Words inscribed on a tomb is an -**

(ক) epitome (খ) epithet
(গ) episode (ঘ) epitaph **উত্তর: ঘ**

ব্যাখ্যাঃ epitaph (সমাধি স্তম্ভে উৎকীর্ণ লিপি)

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -896]

**০৫. The phrase 'dog days' means -**

(ক) hot weather (খ) cold shower

(গ) rain-soaked streets (ঘ) ice storm **উত্তর: ক**

**ব্যাখ্যাঃ** **Dog days** (গরমের দিন, Hot weather)

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -344]

**০৬. Which gender is the word 'orphan'?**

(ক) neuter (খ) feminine

(গ) common (ঘ) masculine **উত্তর: গ**

**ব্যাখ্যাঃ** যে noun বা pronoun দ্বারা শুধু স্ত্রী-পুরুষ জাতিকে বুঝায়, তাকে **Common Gender** বলে। যেমন: Child, friend, person, student, they, parent, baby, infant, people, servant, thief, enemy, cousin, orphan, doctor, teacher, monarch, neighbour ইত্যাদি।

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -280]

**০৭. What is the noun form of the word 'laugh"?**

(ক) laughing (খ) laughable

(গ) laughter (ঘ) laughingly **উত্তর: গ**

**ব্যাখ্যাঃ** laugh একটি verb যার অর্থ হাসা। এর Noun হলো laughter. এটি দিয়ে হাসির কাজটিকে বুঝায়। Her laughter turned quickly to despair. অর্থাৎ, তার হাসি দ্রুত মিলিয়ে গেল।

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -958, 957]

**০৮. Identify the word which is spelt incorrectly:**

(ক) fluctuation (খ) remission

(গ) ocassion (ঘ) decision **উত্তর: গ**

**ব্যাখ্যাঃ** Correct spelling – Occasion (ঘটনা)

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -933]

**০৯. Change the voice: 'Nobody trusts a traitor.'**

(ক) A traitor is trusted.

(খ) A traitor should not be trusted.

(গ) Everybody hates a traitor.

(ঘ) A traitor is not trusted by anybody. **উত্তর: ঘ**

**ব্যাখ্যাঃ** 'Nobody যুক্ত বাক্যকে passive voice-এ রূপান্তরের structure: Ob. কে sub. + be verb + not + verb-এর p.p rw + b + anybody । সুতরাং প্রদত্ত বাক্যটির passive form হলো A traitor is not trusted by anybody।

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -694]

**১০. Who wrote the play The Way of the World"?**

(ক) William Shakespeare (খ) William Congreve
(গ) Ben Jonson (ঘ) Oscar Wilde **উত্তর: খ**

ব্যাখ্যাঃ **William Congreve:** He was a friend of Jonathan Swift. He is famous for Comedy of Manners.

তাঁর কাজ:

**Comedy:**
- The Old Bachelor
- The Double Dealer
- Love for Love
- The Way of the World

**Tragedy:** The Morning Bride

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -52]

**১১. "Better to reign in Hell, than serve in Heav'n."-Who wrote this?**

(ক) Geoffrey Chaucer (খ) Christopher Marlowe
(গ) John Milton (ঘ) P. B. Shelley **উত্তর: গ**

ব্যাখ্যাঃ John Milton সপ্তদশ শতাব্দীর ইংরেজ মহাকবি ও যুক্তিবাদী লেখক। তিনি বিশ্বসাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ মহাকাব্য paradise lost রচনা করেছেন। Better to reign in Hell, then serve I Heav'n উক্তিটি paradise lost এই মহাকাব্যের Book One থেকে নেওয়া।

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -49]

**১২. Who is not a modern poet?**

(ক) W. B. Yeats (খ) W. H. Auden
(গ) John Keats (ঘ) T. S. Eliot **উত্তর: গ**

ব্যাখ্যাঃ ইংরেজী সাহিত্যের ১৭৯৮ থেকে ১৮৩২ সাল পর্যন্ত সময়টুকু Romantic Period নামে খ্যাত। এযুগের অন্যতম শ্রেষ্ঠ কবি John Keats যিনি Poet of Beauty এবং Poet of Sensuousness নামে পরিচিত। W. B. Yeats, W. H. Auden, T. S. Eliot আধুনিক যুগের কবি।

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -68]

**১৩. Who is the author of the novel 'The God of Small Things'?**

(ক) Thomas Hardy (খ) Jhumpa Lahiri
(গ) R. K. Narayan (ঘ) Arundhati Roy **উত্তর: ঘ**

ব্যাখ্যাঃ ভারতের আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সাহিত্যিক Arundhati Roy রচিত প্রথম উপন্যাস The God of Small Things. তিনি এই উপন্যাসের জন্য ১৯৯৭ সালে Man Booker prize লাভ করেন।

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -115]

Matrix BCS Series

**১৪. 'Moby Dick', a novel, was written by**

(ক) Herman Melville (খ) Nathaniel Hawthorne
(গ) Mark Twain (ঘ) William Faulkner উত্তর: ক

ব্যাখ্যাঃ Herman Melville is American Novelist

**Famous novels:**

- Moby Dick (it deals with a white whale)
- White Jacket
- Bartelhy the Scrivener

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -106]

**১৫. "If Winter comes, can Spring be far behind?"-Who wrote this?**

(ক) William Blake (খ) S. T. Coleridge
(গ) Lord Byron (ঘ) P. B. Shelley উত্তর: ঘ

ব্যাখ্যাঃ প্রদত্ত পংক্তিটি রোমান্টিক যুগের বিখ্যাত কবি P. B. Shelley রচিত Ode to the west wind নামক Ode জাতীয় কবিতা থেকে চয়িত হয়েছে।

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -66]

**১৬. O' Henry was from -**

(ক) Canada (খ) America
(গ) England (ঘ) Ireland উত্তর: খ

ব্যাখ্যাঃ O' Henry এর আসল নাম ছিলো William Sidney. এই প্রখ্যাত ছোটগল্প লেখক যুক্তরাষ্ট্রের নর্থ ক্যারোলাইনা অঙ্গরাজ্যে জন্মগ্রহন করেন। তাঁর বিখ্যাত একটি ছোটগল্প 'The Gift of Magi'

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -90]

**১৭. Where is the setting of the play "Hamlet"?**

(ক) England (খ) Italy
(গ) France (ঘ) Denmark উত্তর: ঘ

ব্যাখ্যাঃ ইংরেজী সাহিত্যের শ্রেষ্ঠ নাট্যকার William Shakespeare এর অন্যতম শ্রেষ্ঠ ট্রাজেডি ধারার নাটক Hamlet. এই নাটকটির কাহিনী আবর্তিত হয়েছে ডেনমার্কের রাজপরিবারকে ঘিরে। ডেনমার্কের যুবরাজ Hamlet ও তার চাচা Claudius এর মধ্যকার দ্বন্দ্ব নিয়েই এই নাটকটির কাহিনী এগিয়েছে।

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -30]

**১৮. What is the adjective form of the word 'people'?**

(ক) populous (খ) popular
(গ) popularity (ঘ) popularize উত্তর: ক

ব্যাখ্যাঃ people শব্দটি Noun, এর Adjective form হলো populous.

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -959]

**১৯. 'He contemplated marrying his cousin.' - Here 'marrying' is a/an-**

(ক) present participle (খ) gerund
(গ) verb (ঘ) infinitive উত্তর: খ

ব্যাখ্যাঃ প্রদত্ত বাক্যে marrying শব্দটি gerund। যখন verb এর সাথে ing যুক্ত হয়ে কোন word noun ও verb হিসেবে কাজ করে তাকে gerund বলে। আরও এমন Gerund এর উদাহরণ হল flying pan, hunting whip, writing table ইত্যাদি। বাক্যে frying, hunting এবং writing হল gerund।

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -191]

**২০. 'No Second Troy' is a**

(ক) short story (খ) novel
(গ) poem (ঘ) drama উত্তর: গ

ব্যাখ্যাঃ নোবেলজয়ী আইরিশ কবি W.B. Yeats রচিত No Second Troy একটি সনেট জাতীয় কবিতা।

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -88]

**২১. The word 'to genuflect' means**

(ক) to be genuine (খ) to reflect
(গ) to bend the knee (ঘ) to be flexible উত্তর: গ

ব্যাখ্যাঃ **The word 'to genuflect' means** lower one's body briefly by bending one knee to the ground, typically in worship or as a sign of respect.

**২২. Fill in the blank: 'She went to New Market-----.'**

(ক) on foot (খ) on feet
(গ) by foot (ঘ) by walking উত্তর: ক

ব্যাখ্যাঃ **On foot** (পায়ে হেঁটে)

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -352]

**২৩. What kind of play is 'Julius Ceasar'?**

(ক) romantic (খ) anti-romantic
(গ) comedy (ঘ) historical উত্তর: ঘ

ব্যাখ্যাঃ **'Julius Ceasar'** is a play of tragedy.

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page – 27, 36]

**২৪. Fill in the gap: Birds fly ___ in the sky.**

(ক) random (খ) at large
(গ) at a stitch (ঘ) are long উত্তর: খ

ব্যাখ্যাঃ **At large** (freely, স্বাধীনভাবে): Birds fly at large in the sky.

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -340]

**২৫. Who is the author of 'Jane Eyre"?**

(ক) Charlotte Brontë (খ) Emily Brontë
(গ) Jane Austen (ঘ) Mary Shelley **উত্তর: ক**

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -78]

**২৬. Which of the following novels is not written by an English writer?**

(ক) A Passage to India
(খ) Sons and Lovers
(গ) One Hundred Years of Solitude
(ঘ) Pride and Prejudice **উত্তর: গ**

ব্যাখ্যাঃ **Gabriel Garcia Marquez.** তিনি Colombian writer / Novelist.

.[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -105]

**২৭. A speech full of too many words is**

(ক) a big speech (খ) maiden speech
(গ) a verbose speech (ঘ) an unimportant speech **উত্তর: গ**

ব্যাখ্যাঃ A speech full of too many words এর One word substitution (এক কথায় প্রকাশ) হলো a verbose speech (বাগাড়ম্বরপূর্ণ কথা)।

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -896]

**২৮. Who is the poet of the poem 'Ozymandias"?**

(ক) P. B. Shelley (খ) William Wordsworth
(গ) S. T. Coleridge (ঘ) John Keats **উত্তর: ক**

ব্যাখ্যাঃ Poet of Wind নামে বিখ্যাত রোমান্টিক যুগের কবি P.B. Shelley রচিত কবিতা Ozymandias. এটি একটি সনেট জাতীয় কবিতা।

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -66]

**২৯. The most famous romantic poet of English literature is**

(ক) John Dryden (খ) Alexander Pope
(গ) William Wordsworth (ঘ) T. S. Eliot **উত্তর: গ**

ব্যাখ্যাঃ ১৭৯৮ সালে William Wordsworth এবং S.T Coleridge রচিত Lyrical Ballads প্রকাশিত হবার সাথে সাথেই ইংরেজী সাহিত্যের Romantic period শুরু হয়। অপশনের বাকি কেউই রোমান্টিক যুগের সাহিত্যিক নন।

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -60]

**৩০. Identify the correct synonym for the word 'magnanimous'.**

(ক) unkind (খ) generous
(গ) revengeful (ঘ) friendly **উত্তর: খ**

Matrix BCS Series

ব্যাখ্যাঃ magnanimous এর অর্থ উদার, মহানুভব, মহৎ। এর সমার্থক শব্দ generous (উদার)। অন্যদিকে unkind-নির্দয়, revengeful -প্রতিশোধপরায়ণ, friendly-বন্ধুত্বপূর্ণ। এই শব্দগুলো magnanimous এর সমার্থক নয়।

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -833]

**৩১. Choose the right form of verb: It is high time we (act) on the matter.**

(ক) are acting (খ) acted

(গ) have acted (ঘ) could act **উত্তর: খ**

ব্যাখ্যাঃ It is high time যুক্ত বাক্যের verb past indefinite অথবা infinitive ($to+verb_1$) হয়।

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -448]

**৩২. ____ was both a poet and a painter.**

(ক) John Keats (খ) Spenser

(গ) William Blake (ঘ) John Donne **উত্তর: গ**

ব্যাখ্যাঃ William Blake ছিলেন একজন বহুপ্রতিভাবান শিল্পী। Songs of Innocence and song of Experience এর মত উৎকৃষ্ট কাব্য লেখার পাশাপাশি তিনি চিত্রকর্ম ও খোদাইশিল্পেও দক্ষতা দেখিয়েছেন।

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -57]

**৩৩. Identify the correct sentence:**

(ক) The girl burst out tears.

(খ) The girl burst into tears.

(গ) The girl burst with tears.

(ঘ) The girl bursted out tears. **উত্তর: খ**

ব্যাখ্যাঃ burst এর সাথে appropriate Preposition হিসেবে into বসে। তাই সঠিক বাক্য হবে The girl burst into tears.

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -385]

**৩৪. The phrase 'sine die' means**

(ক) half-heartedly (খ) doubtfully

(গ) fixed (ঘ) uncertain **উত্তর: ঘ**

ব্যাখ্যাঃ The phrase 'sine die' means- indefinitely/ uncertain (অনিশ্চিত ভাবে।)

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -354]

Matrix BCS Series

৩৫. **Do you have any money ___ you? Fill in the blank with appropriate preposition:**

(ক) to (খ) over

(গ) in (ঘ) on উত্তর: ঘ

ব্যাখ্যাঃ **"On" means on your body at this moment** (e.g. in your pocket). "With" means in your possession, but perhaps not on your body (e.g. in a briefcase, in the car, at the hotel)

[Matrix **MP3 English** Review (edition-June' 2021); Page -494]

Matrix BCS Series

যে কোন পরীক্ষার কাঙ্ক্ষিত প্রস্তুতির লক্ষ্যে
আপডেট তথ্য পেতে যুক্ত থাকুন:

Facebook Page

Matrix BCS Series

# ৪৩তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা ২০২১

[তারিখ: ২৯/১০/২১]

FB Page: Matrix BCS Series

## ৪৩তম বিসিএস এর ৩০টি বাংলাদেশ বিষয়ক প্রশ্নের মধ্যে ২৮টি কমন এসেছে Matrix বাংলাদেশ বই থেকে। পৃষ্ঠা নং সহ দেয়া হলো:

**১। প্রতিনিধিত্বমূলক গণতান্ত্রিক শাসনব্যবস্থায় 'বিকল্প সরকার' বলতে কী বোঝায়?** *[৪৩তম বিসিএস]*

[ক] ক্যাবিনেট　　[খ] বিরোধী দল

[গ] সুশীল সমাজ　　[ঘ] লোকপ্রশাসন বিভাগ　　**উত্তর:** খ

**ব্যাখ্যাঃ** সংসদীয় সরকার শাসনব্যবস্থায় বিরোধী দলকে 'বিকল্প সরকার' বলা হয়।

[Matrix বাংলাদেশ [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং-৬১২]

**২। ঢাকা সিটি কর্পোরেশনের প্রথম নির্বাচিত মেয়র কে ছিলেন?** [৪৩তম বিসিএস]

[ক] আনিসুল হক　　[খ] সাঈদ খোকন

[গ] সাদেক হোসেন খোকা　　[ঘ] মোহাম্মদ হানিফ　　**উত্তর:** ঘ

**ব্যাখ্যাঃ** ১৯৯৪ সালে ঢাকা সিটি কর্পোরেশনের প্রথম নির্বাচিত মেয়র হিসেবে শপথ গ্রহণ করেন মেয়র মোহাম্মদ হানিফ। তিনি সাবেক মেয়র সাঈদ খোকনের পিতা।

[Matrix বাংলাদেশ [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং-৬৩৮]

**৩। বাংলাদেশ সংবিধান হাতে লেখার দায়িত্ব কার ওপর ন্যস্ত ছিল?** [৪৩তম বিসিএস]

[ক] হাশেম খান　　[খ] এ.কে.এম, আব্দুর রউফ

[গ] আবুল বারক আলভী　　[খ] সমরজিৎ রায় চৌধুরী　　**উত্তর:** খ

**ব্যাখ্যাঃ** বাংলাদেশের প্রথম হস্তলিখিত সংবিধান ছিল ৯৩ পাতার। হস্তলিখিত সংবিধানটির মূল লেখক ছিলেন শিল্পী আব্দুর রউফ। হস্তলিখিত সংবিধানটির অঙ্গসজ্জা করেন শিল্পাচার্য জয়নুল আবেদীন। সংবিধানের প্রচ্ছদ অলংকরণ করেন হাশেম খান ও কামরুল হাসান।

[Matrix বাংলাদেশ [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং- ৫৪১]

**৪। বাংলার প্রাচীন জনপদ কোনটি?** *[৪৩তম বিসিএস]*

[ক] পুণ্ড্র　　[খ] তলিপ্ত

[গ] গৌড়　　[ঘ] হরিকেল　　**উত্তর:** ক

**ব্যাখ্যাঃ** বাংলার প্রাচীনতম জনপদ পুণ্ড্র। এর বর্তমান অবস্থান: বৃহত্তর বগুড়া (মহাস্থানগড়), রাজশাহী, রংপুর ও দিনাজপুর অঞ্চল।

[Matrix বাংলাদেশ [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং- ১৭১]

**৫। বাংলাদেশ সংবিধানের কোন অনুচ্ছেদে নারী-পুরুষের সমতা নিশ্চিত করা হয়েছে** [৪৩তম বিসিএস]

[ক] ২৯(২)　　[খ] ২৮(২)

[গ] ৩৯ (১)　　[ঘ] ৩৯(২)　　**উত্তর:** খ

FB Page: Matrix BCS Series

**ব্যাখ্যাঃ**

**২৮(২):** রাষ্ট্র ও গণজীবনের সর্বস্তরে নারীপুরুষের সমান অধিকার লাভ করবেন।

**২৯(২):** কেবল ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারী-পুরুষভেদ বা জন্মস্থানের কারণে কোন নাগরিক প্রজাতন্ত্রের কর্মে নিয়োগ বা পদ-লাভের অযোগ্য হবেন না কিংবা সেই ক্ষেত্রে তাঁর প্রতি বৈষম্য প্রদর্শন করা যাবে না।

**৩৯(১):** চিন্তা ও বিবেকের স্বাধীনতার নিশ্চয়তা দান করা হলো।

**৩৯(২):** রাষ্ট্রের নিরাপত্তা, বিদেশী রাষ্ট্রসমূহের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক, জনশৃঙ্খলা, শালীনতা ও নৈতিকতার স্বার্থে কিংবা আদালত অবমাননা, মানহানি বা অপরাধ সংঘটনে প্ররোচনা সম্পর্কে আইনের দ্বারা আরোপিত যুক্তিসঙ্গত বাধানিষেধ সাপেক্ষে
(ক) বাক ও ভাব প্রকাশের স্বাধীনতার অধিকারের এবং
(খ) সংবাদপত্রের স্বাধীনতার
নিশ্চয়তা দান করা হলো।

[Matrix বাংলাদেশ [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং- ৫৫৮]

**৬। কোভিড-১৯ ভ্যাকসিন উৎপাদনে সম্প্রতি চীনের সাথে বাংলাদেশের কোন ফার্মাসিউটিক্যাল কেম্পানির চুক্তি স্বাক্ষরিত হয়?** *[৪৩তম বিসিএস]*

[ক] বেক্সিমকো [খ] স্কয়ার
[গ] ইনসেপ্টা [ঘ] একমি **উত্তর:** গ

**ব্যাখ্যাঃ** কোভিড-১৯ ভ্যাকসিন উৎপাদনে সম্প্রতি চীনের রাষ্ট্রীয় মালিকানাধীন দুটি প্রতিষ্ঠান (চায়না ন্যাশনাল বায়োটেক গ্রুপ অব কোম্পানিজ ও চায়না সিনোফার্ম ইন্টারন্যাশনাল কর্পোরেশন) সাথে বাংলাদেশের **ইনসেপ্টা** ফার্মাসিউটিক্যাল কেম্পানি এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের চুক্তি স্বাক্ষরিত হয়।

[Matrix বাংলাদেশ [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং- ১০]

**৭। বাংলাদেশ কত সালে OIC-এর সদস্যপদ লাভ করে?** [৪৩তম বিসিএস]

[ক] ১৯৭৩ [খ] ১৯৭৪
[গ] ১৯৭৫ [ঘ] ১৯৭৬ **উত্তর:** খ

**ব্যাখ্যাঃ** ২২-২৪ ফেব্রুয়ারি, ১৯৭৪ এ পাকিস্তানের লাহোরে অনুষ্ঠিত OIC এর ৪র্থ সম্মেলনে বঙ্গবন্ধু OIC তে যোগ দেন।

[Matrix বাংলাদেশ [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং- ৩৫৭]

**৮। বাংলাদেশে ভোটার হওয়ার সর্বনিম্ন বয়স কত?** [৪৩তম বিসিএস]

[ক] ১৮ [খ] ১৯
[গ] ২০ [ঘ] ২১ **উত্তর:** ক

**ব্যাখ্যাঃ** সংবিধানের ১২২(২) অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশের ভোটার হওয়ার সর্বনিম্ন বয়স ১৮ বছর।

[Matrix বাংলাদেশ [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং- ৫৮৬]

**৯। বাংলাদেশের প্রধান আইন কর্মকর্তা হলেন** [৪৩তম বিসিএস]

[ক] আইনমন্ত্রী [খ] আইন সচিব
[গ] অ্যাটর্নি জেনারেল [ঘ] প্রধান বিচারপতি **উত্তর:** গ

**ব্যাখ্যাঃ** সংবিধানের ৬৪নং অনুচ্ছেদ অনুযায়ী প্রধান আইন কর্মকর্তা অ্যাটর্নি জেনারেল দায়িত্বপ্রাপ্ত হন।

[Matrix বাংলাদেশ [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং- ৫৬৫]

**১০। নির্বাণ ধারণাটি কোন ধর্মবিশ্বাসের সাথে সংশ্লিষ্ট?** *[৪৩তম বিসিএস]*

[ক] হিন্দুধর্ম [খ] বৌদ্ধধর্ম

[গ] খ্রিষ্টধর্ম [ঘ] ইহুদী ধর্ম **উত্তর:** খ

**ব্যাখ্যাঃ** গৌতম বুদ্ধের মতে, মানুষের দুঃখের কারণ হল 'আসক্তি' বা 'তৃষ্ণা'। কোন কিছু পাওয়ার আশা করার নামই আসক্তি। আসক্তির অবসান হলে দুঃখ থেকে মুক্তি আসবে। দুঃখ থেকে মুক্তির নাম **'নির্বাণ লাভ'**। নির্বাণ লাভের উপায় হল 'মধ্যম পন্থা' বা মধ্যপথ অনুসরণ করা। বুদ্ধের মতে এ মধ্যপথ হলো আটটি।

এগুলো হচ্ছে- ১] সৎ সংকল্প ২] সৎ চিন্তা ৩] সৎ বাক্য ৪] সৎ ব্যবহার ৫] সৎ জীবনযাপন ৬] সৎ চেষ্টা ৭] সৎ দর্শন এবং ৮] সম্যক সমাধি।

[Matrix আন্তর্জাতিক [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং- ২৭০]

**১১। একনেক [ECNEC]-এর প্রধান কে?** [৪৩তম বিসিএস]

[ক] প্রধানমন্ত্রী [খ] অর্থমন্ত্রী

[গ] বাণিজ্যমন্ত্রী [ঘ] পরিকল্পনা মন্ত্রী **উত্তর:** ক

**ব্যাখ্যাঃ** ECNEC-এর পূর্ণরূপ হল Executive Committee of National Economic Council। এই কমিটি প্রকল্প অনুমোদনের ক্ষেত্রে বাংলাদেশের সর্বোচ্চ সিদ্ধান্ত প্রণয়নকারী পরিষদ। এটি প্রতিষ্ঠিত হয় ১৯৮২ সালে।কমিটির প্রধান হচ্ছে সরকার প্রধান (প্রধানমন্ত্রী)। আর প্রধানমন্ত্রীর অনুপস্থিতিতে এর সভাপতি হলেন অর্থমন্ত্রী।

[Matrix বাংলাদেশ [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং- ৭৮৫]

**১২। 'বলাকা' কোন ফসলের একটি প্রকার?** [৪৩তম বিসিএস]

[ক] ধান [খ] গম

[গ] পাট [ঘ] টমেটো **উত্তর:** খ

**ব্যাখ্যাঃ** গমের উন্নত জাত: অগ্রণী-সোনালিকা, বলাকা, দোয়েল, আনন্দ, আকবর, কাঞ্চন, বরকত, শতাব্দী।

[Matrix বাংলাদেশ [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং- ৩৮১]

**১৩। তথ্য অধিকার আইন কোন সালে চালু হয়?** [৪৩তম বিসিএস]

[ক] ২০০২ [খ] ২০০৬

[গ] ২০০৯ [ঘ] ২০১১ **উত্তর:** গ

**ব্যাখ্যাঃ** ২৯ মার্চ ২০০৯ সালে বাংলাদেশের তথ্য অধিকার আইন কবে পাস হয় এবং ১ জুলাই ২০০৯ থেকে কার্যকর হয়।

[Matrix বাংলাদেশ [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং- ৬২৮]

**১৪। মুজিবনগর সরকারের অর্থনীতি বিষয়ক ও পরিকল্পনা বিভাগের দায়িত্বে কে ছিলেন?** *[৪৩তম বিসিএস]*

[ক] তাজউদ্দিন আহমদ [খ] সৈয়দ নজরুল ইসলাম

[গ] এম. মনসুর আলী [ঘ] এ.এইচ.এম.কামরুজ্জামান **উত্তর:** ক

**ব্যাখ্যাঃ** মুজিবনগর সরকারের অর্থনীতি বিষয়ক ও পরিকল্পনা বিভাগের দায়িত্বে ছিলেন তাজউদ্দিন আহমেদ। এছাড়াও তিনি প্রধানমন্ত্রী, প্রতিরক্ষা, তথ্য প্রচার এবং টেলিযোগাযোগ, শিক্ষা স্থানীয়

FB Page: Matrix BCS Series

স্বায়ত্তশাসন সরকার, স্বাস্থ্য, শ্রম এবং সমাজকল্যাণ সংস্থাপন এবং প্রশাসন মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত ছিলেন।

**১৫। রেহেনা মরিয়ম নূর' চলচ্চিত্রটি পরিচালনা করেন** [৪৩তম বিসিএস]

[ক] জেরেমি চুয়া — [খ] আবদুল্লাহ মোহাম্মদ সাদ

[গ] রাজীব মহাজন — [ঘ] আজমেরী হক বাঁধন — **উত্তর: খ**

**ব্যাখ্যাঃ** ২০২১ সালে মুক্তিপ্রাপ্ত একটি বাংলাদেশী চলচ্চিত্র **রেহানা মরিয়ম নূর**। এর পরিচালক আবদুল্লাহ মোহাম্মদ সাদ। এতে নাম ভূমিকায় অভিনয় করেছেন আজমেরী হক বাঁধন। এটি একজন সহকারী অধ্যাপকের জীবন সংগ্রামের গল্প।

**[Matrix বাংলাদেশ [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং- ১১]**

**১৬। বাংলাদেশ সংবিধানের কোন অনুচ্ছেদে বার্ষিক আর্থিক বিবৃতি'-এর কথা উল্লেখ করা হয়েছে?** *[৪৩তম বিসিএস]*

[ক] ৮১ — [খ] ৮৫

[গ] ৮৭ — [ঘ] ৮৮ — **উত্তর: গ**

**ব্যাখ্যাঃ**

**অনুচ্ছেদ-৮১** - অর্থবিল

**অনুচ্ছেদ-৮৫** - সরকারী অর্থের নিয়ন্ত্রণ

**অনুচ্ছেদ-৮৬** - প্রজাতন্ত্রের সরকারী হিসাবে প্রদেয় অর্থ

**অনুচ্ছেদ-৮৭** - বার্ষিক আর্থিক বিবৃতি

**অনুচ্ছেদ-৮৮** - সংযুক্ত তহবিলের উপর দায়

**[Matrix বাংলাদেশ [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং- ৫৭৪]**

**১৭। নিপোর্ট [NIPORT] কী ধরনের গবেষণা প্রতিষ্ঠান?** *[৪৩তম বিসিএস]*

[ক] জনসংখ্যা গবেষণা — [খ] নদী গবেষণা

[গ] মিঠাপানি গবেষণা — [ঘ] বন্দর গবেষণা — **উত্তর: ক**

**ব্যাখ্যাঃ**

| NIPORT | |
|---|---|
| **NIPORT এর পূর্ণনাম** | National Institute of Population Research & Training |
| **অবস্থান** | আজিমপুর, ঢাকা |
| **প্রতিষ্ঠাকাল** | ১৯৭৭ সালে |
| | • এটি একটি জনসংখ্যা বিষয়ক গবেষণা মূলক স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান।<br>• এটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অন্তর্ভুক্ত। |
| **উদ্দেশ্য** | জনসংখ্যা বিষয়ক প্রতিষ্ঠান |

**[Matrix বাংলাদেশ [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং- ৭৮৮]**

**১৮। আর্যদের ধর্মগ্রন্থের নাম কী ছিল?** *[৪৩তম বিসিএস]*

[ক] মহাভারত [খ] রামায়ণ

[গ] গীতা [ঘ] বেদ **উত্তর: ঘ**

**ব্যাখ্যাঃ** আর্যদের ধর্মগ্রন্থের নাম হলো **বেদ**। সংস্কৃত ভাষায় রচিত প্রাচীন ভারতের দুটি প্রধান মহাকাব্য: **মহাভারত** ও **রামায়ণ**। **গীতা** হচ্ছে মহাভারত এর একটি অংশ।

**[Matrix আন্তর্জাতিক [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং- ২৬৭]**

**১৯। প্রাচীন বাংলায় 'সমতট' বর্তমান কোন অঞ্চল নিয়ে গঠিত ছিল?** [৪৩তম বিসিএস]

[ক] ঢাকা ও কুমিল্লা [খ] ময়মনসিংহ ও নেত্রকোণা

[গ] কুমিল্লা ও নোয়াখালী [ঘ] ময়মনসিংহ ও জামালপুর **উত্তর: গ**

**ব্যাখ্যাঃ**

| প্রাচীন জনপদের নাম | বর্তমান অবস্থান |
|---|---|
| **পুণ্ড্র** | বৃহত্তর বগুড়া (মহাস্থানগড়), রাজশাহী, রংপুর ও দিনাজপুর অঞ্চল |
| **বরেন্দ্র** | রাজশাহী বিভাগের উত্তর-পশ্চিমাংশ (রাজশাহী জেলার উত্তরাংশ, বগুড়ার পশ্চিমাংশ, রংপুর ও দিনাজপুরের কিছু অংশ) |
| **বঙ্গ** | বৃহত্তর ঢাকা, ময়মনসিংহ, কুমিল্লা, ফরিদপুর, বরিশাল, কুষ্টিয়া, যশোর, নদীয়া, শান্তিপুর ও পটুয়াখালি অঞ্চল |
| **সমতট** | বৃহত্তর কুমিল্লা (বড় কামতা) ও নোয়াখালী অঞ্চল |

**[Matrix বাংলাদেশ [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং- ১৭১]**

**২০। কোনটি সাংবিধানিক পদ নয়?** [৪৩তম বিসিএস]

[ক] প্রধান নির্বাচন কমিশনার

[খ] চেয়ারম্যান, পাবলিক সার্ভিস কমিশন

[গ] চেয়ারম্যান, মানবাধিকার কমিশন

[ঘ] কনট্রোলার ও অডিটর জেনারেল **উত্তর: গ**

**ব্যাখ্যাঃ**

**সাংবিধানিক পদ সমুহ:**

১. রাষ্ট্রপতি
২. প্রধানমন্ত্রী, মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী
৩. স্পিকার ও ডেপুটি স্পিকার
৪. সংসদ সদস্যগণ
৫. প্রধান বিচারপতি ও অন্যান্য বিচারপতি
৬. নির্বাচন কমিশনার ও অন্যান্য নির্বাচন কমিশনার
৭. অ্যাটর্নি জেনারেল
৮. সরকারি কর্ম কমিশন চেয়ারম্যান
৯. মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক।

**[Matrix বাংলাদেশ [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং- ৫৮৫]**

Matrix BCS Series

**২১। বাংলাদেশে কোনটি ব্যাংক নোট নয়?** [৪৩তম বিসিএস]

[ক] ২ টাকা [খ] ১০ টাকা

[গ] ৫০ টাকা [ঘ] ১০০ টাকা **উত্তর: ক**

**ব্যাখ্যাঃ**

| | |
|---|---|
| **বাংলাদেশে কাগুজে নোট** | ১০ টি। যথা- ১, ২, ৫, ১০, ২০, ৫০, ১০০, ২০০, ৫০০ এবং ১০০০ টাকার নোট। |
| **ব্যাংক নোট (৭টি)** | ১০, ২০, ৫০, ১০০, ২০০, ৫০০ এবং ১০০০ টাকার নোট। |
| **ব্যাংক নোটে স্বাক্ষর থাকে** | বাংলাদেশ ব্যাংকের গভর্নরের |
| **সরকারি নোট (৩টি)** | ১, ২ ও ৫ টাকার নোট |
| **সরকারী নোটের মালিকানা** | বাংলাদেশ সরকারের (অর্থ মন্ত্রণালয়ের) |
| **১, ২ ও ৫ টাকার নোটে স্বাক্ষর থাকে** | অর্থ সচিবের |

**[Matrix বাংলাদেশ [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং- ৫৩০]**

**২২। বাংলাদেশে কোন সালে বয়স্ক ভাতা চালু হয়?** [৪৩তম বিসিএস]

[ক] ১৯৯৫ [খ] ১৯৯৬

[গ] ১৯৯৭ [ঘ] ১৯৯৮ **উত্তর: ঘ**

**ব্যাখ্যাঃ** প্রধানমন্ত্রী শেখ হাসিনা সামাজিক নিরাপত্তা খাতের অংশ হিসেবে ৩১মে, ১৯৯৮ সালে বয়স্কভাতা কর্মসূচি চালু করেন। ১৯৯৭-৯৮ অর্থবছর হতে প্রাথমিকভাবে দেশের সকল ইউনিয়ন পরিষদের প্রতিটি ওয়ার্ডে ৫ জন পুরুষ ও ৫ জন মহিলাসহ ১০ জন দরিদ্র বয়োজ্যেষ্ঠ ব্যক্তিকে প্রতিমাসে ১০০ টাকা হারে ভাতা প্রদানের আওতায় আনা হয়। বর্তমানে প্রতি মাসে প্রতিজনকে ৬০০ টাকা করে দেওয়া হচ্ছে।

**[Matrix বাংলাদেশ [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং- ৪৮৫]**

**২৩। 'Untranquil Recollections: The Years of Fulfilment' শীর্ষক গ্রন্থটির লেখক কে?** [৪৩তম বিসিএস]

[ক] আনিসুর রহমান [খ] রেহমান সোবহান

[গ] নুরুল ইসলাম [ঘ] রওনক জাহান **উত্তর: খ**

**ব্যাখ্যাঃ** 'Untranquil Recollections: The Years of Fulfilment' শীষক গ্রন্থটির লেখক প্রখ্যাত অর্থনীতিবিদ রেহমান সোবহান। ২০১৫ সালে প্রকাশিত হয়।

**২৪। ল্যান্স নায়েক নুর মোহাম্মদ শেখ কোন সেক্টরের অধীনে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন ?** *[৪৩তম বিসিএস]*

[ক] ৬ নম্বর [খ] ৭ নম্বর

[গ] ৮ নম্বর [ঘ] ৯ নম্বর **উত্তর: গ**

**ব্যাখ্যাঃ**

FB Page: Matrix BCS Series



ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ
Lance Naik Nur Mohammad Sheikh

- **জন্ম** ঃ ১৯৩৬ সালে নড়াইল জেলায়।
- **কর্মস্থল** ঃ ই.পি.আর (ইস্ট পাকিস্তান রাইফেলস্)
- **পদবী** ঃ ল্যান্সনায়েক।
- **যে সেক্টরে যুদ্ধ করেনঃ** ৮নং।
- **মৃত্যু** ঃ ৫ সেপ্টেম্বর, ১৯৭১ সালে।
- **সমাধি স্থল** ঃ যশোরের শর্শা উপজেলার কাশিপুর গ্রামে।

[Matrix বাংলাদেশ [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং- ৩২৮]

**২৫। নিম্নোক্ত কোন সালে কৃষিশুমারী অনুষ্ঠিত হয়নি?** *[৪৩তম বিসিএস]*

[ক] ১৯৭৭ [খ] ২০০৮
[গ] ২০১৫ [ঘ] ২০১৯ **উত্তর:** গ

**ব্যাখ্যাঃ** স্বাধীনতা পরবর্তী বাংলাদেশে প্রথম কৃষিশুমারি হয় ১৯৭৭ সালে। তারপর ১৯৮৬ সালে, ১৯৯৭ সালে, ২০০৮ সালে এবং ২০১৯ সালে (৬ষ্ঠ কৃষিশুমারি)।
*[এছাড়াও ২০০৫ সালে নমুনা চয়নের মাধ্যমে একটি কৃষি জরিপ পরিচালনা করা হয়।]*

[Matrix বাংলাদেশ [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং- ৩৬৫]

**২৬। ম্যানিলা কোন ফসলের উন্নত জাত?** [৪৩তম বিসিএস]

[ক] তুলা [খ] তামাক
[গ] পেয়ারা [ঘ] তরমুজ **উত্তর:** খ

**ব্যাখ্যাঃ**

| ফসল | উন্নত জাত |
|---|---|
| তুলা | রূপালী ও ডেলফোজ, ডেল্টা পাইন ১৬, বিএসি ৭ |
| তামাক | 'ম্যানিলা' ও 'সুমাত্রা' |
| পেয়ারা | কাজীপেয়ারা, স্বরূপকাঠি কাঞ্চননগর, মুকুন্দপুরি |
| তরমুজ | পদ্মা, টপইল্ড, ডব্লিউ এম - ০০২/০০৩ |

[Matrix বাংলাদেশ [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং- ৩৮১]

**২৭। 'সেকেন্ডারি মার্কেট কিসের সাথে সংশ্লিষ্ট?** *[৪৩তম বিসিএস]*

[ক] শ্রম বাজার [খ] চাকুরি বাজার
[গ] স্টক মার্কেট [ঘ] কৃষি বাজার **উত্তর:** গ

**ব্যাখ্যাঃ** স্টক মার্কেট ব্যবসায়ীদের স্টক কিনতে এবং বিক্রয় করার পাশাপাশি কোম্পানিদের স্টক ইস্যু করার সুযোগ করে দেয়। একটি স্টক নির্দিষ্ট কোম্পানির ইক্যুইটির প্রতিনিধিত্ব করে যেখানে ওই বিশেষ সংস্থার অংশীদারিত্ব রয়েছে।

[Matrix বাংলাদেশ [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং- ৫৩৫]

**২৮। ওরাওঁ জনগোষ্ঠী কোন অঞ্চলে বসবাস করে?** [৪৩তম বিসিএস]

[ক] রাজশাহী-দিনাজপুর [খ] বরগুনা-পটুয়াখালী
[গ] রাঙামাটি-বান্দরবান [ঘ] সিলেট-হবিগঞ্জ **উত্তর:** ক

**ব্যাখ্যাঃ** ওরাওঁ জনগোষ্ঠী দিনাজপুর, রংপুর, রাজশাহী ও বগুড়া অঞ্চলে বাস করে। এরা জড়োপাসক এবং ভাষা হচ্ছে কুঁড়খ/সাদরি। এদের উৎসব ফাগুয়া।

[Matrix বাংলাদেশ [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং- ৪৫৩]

**২৯। ১৯৬৬ সালের ৬ দফার ক'টি দফা অর্থনীতি বিষয়ক ছিল?** *[৪৩তম বিসিএস]*

[ক] ৩টি　　[খ] ৪টি

[গ] ৫টি　　[ঘ] ৬টি　　**উত্তর:** ক

**ব্যাখ্যাঃ** ১৯৬৬ সালে বঙ্গবন্ধুর ছয় দফার ৩য়, ৪র্থ ও ৫ম দফা অর্থনীতি বিষয়ক ছিলো।

**দফা ৩:** দেশের দুই অংশের দুটি পৃথক অথচ অবাধে বিনিময়যোগ্য মুদ্রা প্রচলিত থাকবে অথবা উভয় অংশে রিজার্ভ ব্যাংকসহ একটি মুদ্রা থাকবে।

**দফা ৪:** কর ও শুল্ক ধার্য করবার দায়িত্ব অঙ্গরাজ্যগুলারে উপর ন্যস্ত থাকবে।

**দফা ৫:** প্রতিটি অঙ্গরাজ্যের বহির্বাণিজ্যের জন্য পৃথক হিসাব রক্ষা করতে হবে।

[Matrix বাংলাদেশ [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং- ২৮৯]

**৩০। বাংলাদেশ সরকার কোন খাত থেকে সর্বোচ্চ রাজস্ব আয় করে?** *[৪৩তম বিসিএস]*

[ক] আয়কর　　[খ] ভূমিকর

[গ] আমদানি-রপ্তানি শুল্ক　　[ঘ] মূল্য সংযোজন কর　　**উত্তর:** ঘ

**ব্যাখ্যাঃ** ২০২০-২১ অর্থবছরে বেশি রাজস্ব আদায় হয়েছে VAT (মূল্য সংযোজন কর) থেকে। এই খাত থেকে আদায় হয়েছে ৯৭ হাজার ৫১০ কোটি টাকা। ভ্যাট বা মূল্য সংযোজন কর চালু হয় ১৯৯১ সালে।

[Matrix বাংলাদেশ [জুন'২০২১ সংস্করণ]; পৃষ্ঠা নং- ৪৭৩]

Matrix BCS Series

# ৪৩তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা ২০২১

(তারিখ: ২৯/১০/২১)

FB Page: Matrix BCS Series

**৪৩তম বিসিএস এর ২০টি বাংলাদেশ বিষয়ক প্রশ্নের মধ্যে ১৫টি কমন এসেছে Matrix আন্তর্জাতিক বই থেকে। পৃষ্ঠা নং সহ দেয়া হলো:**

## আন্তর্জাতিক

০১। **জিবুতি দেশটি কোথায় অবস্থিত?** *[৪৩তম বিসিএস]*

(ক) এডেন উপসাগরের পাশে (খ) প্রশান্ত মহাসাগরে
(গ) দক্ষিণ আমেরিকায় (ঘ) দক্ষিণ চীন সাগরে **উত্তর:** ক

**ব্যাখ্যা:** এডেন উপসাগরের পশ্চিম উপকূলে অবস্থিত জিবুতি, সোমালিয়া, ইথিওপিয়া এবং ইরিত্রিয়া। এদেরকে **হর্ন অফ আফ্রিকা** বলা হয়। জিবুতিতে চীনের কৌশলগত গুরুত্বপূর্ণ নৌ-ঘাঁটি রয়েছে।

০২। **নিম্নের কোনটি জাতিসংঘের সংস্থা নয়?** *[৪৩তম বিসিএস]*

(ক) আসিয়ান আঞ্চলিক ফোরাম (ARF) (খ) আঞ্চলিক শ্রম সংস্থা (ILO)
(গ) আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD) (ঘ) খাদ্য ও কৃষি সংস্থা (FAO) **উত্তর:** ক

**ব্যাখ্যা:** জাতিসংঘের সহযোগী সংস্থা হলো আঞ্চলিক শ্রম সংস্থা (ILO), আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD), খাদ্য ও কৃষি সংস্থা (FAO)। অন্যদিকে দক্ষিণ এশীয় আঞ্চলিক সংস্থা আসিয়ান আঞ্চলিক ফোরাম (ARF)। এর সদস্য সংখ্যা ২৭ টি।

[Matrix আন্তর্জাতিক (জুন'২০২১ সংস্করণ): পৃষ্ঠা নং- ৭৩৩]

০৩। **আন্তর্জাতিক গণতন্ত্র দিবস কোন তারিখে পালিত হয়?** *[৪৩তম বিসিএস]*

(ক) ১৫ সেপ্টেম্বর (খ) ১৫ অক্টোবর
(গ) ১৫ নভেম্বর (ঘ) ১৫ ডিসেম্বর **উত্তর:** ক

**ব্যাখ্যাঃ**

১৫ সেপ্টেম্বর - আন্তর্জাতিক গণতন্ত্র দিবস
১৫ অক্টোবর - বিশ্ব হাত ধোয়া দিবস, বিশ্ব সাদা ছড়ি দিবস

[Matrix আন্তর্জাতিক (জুন'২০২১ সংস্করণ): পৃষ্ঠা নং- ৯০ + ফেসবুক পেইজের পোস্ট]

০৪। **ইরান-ইরাক যুদ্ধবিরতির তদারকির কাজে নিয়োজিত জাতিসংঘের বাহিনী কোন নামে পরিচিত ছিল?** *[৪৩তম বিসিএস]*

(ক) UNIMOG (খ) UNIIMOG
(গ) UNGOMAP (ঘ) UNICEF **উত্তর:** খ

[Matrix আন্তর্জাতিক (জুন'২০২১ সংস্করণ): পৃষ্ঠা নং- ৭৬৫, ৭৬৬]

**ব্যাখ্যাঃ** বাংলাদেশ সর্ব প্রথম জাতিসংঘের যে শান্তিরক্ষা মিশনে অংশগ্রহণ করেন তার নাম - **UNIIMOG** (United Nations Iran-Iraq Military Observer Group) (১৯৮৮ সালে ইরাক-ইরান যুদ্ধ বিরতি তদারকীতে অংশগ্রহণের জন্য)। এই শান্তি মিশনে ১৫ জন সদস্য প্রেরণ করে।

**০৫। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল-এর প্রধান কার্যালয় কোথায় ?** *[৪৩তম বিসিএস]*

(ক) ফ্রান্স (খ) জার্মানি

(গ) নেদারল্যান্ড (ঘ) হাঙ্গেরি **উত্তর:** খ

**ব্যাখ্যাঃ** ট্র্যান্সপারেন্সি ইন্টারন্যাশনাল ১৯৯৩ সালে জার্মানির বার্লিনে প্রতিষ্ঠিত হয়। ডেলিয়া ফেরেইরা রবিও এর বর্তমান চেয়ারম্যান।

**[Matrix আন্তর্জাতিক (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৬৬]**

**০৬। চীন থেকে ক্রয়কৃত বাংলাদেশ নৌবাহিনীর ডুবোজাহাজ দুটি নিমোক্ত কোন শ্রেণির?**

(ক) কিলো-ক্লাস (খ) মিং-ক্লাস

(গ) ডলফিন-ক্লাস (ঘ) শ্যাং-ক্লাস **উত্তর:** খ

**ব্যাখ্যাঃ** ২০১২ সালে চীনের কাছ থেকে ২টি মিং-ক্লাস সাবমেরিন জন্য করার চুক্তি করা হয়। এই চুক্তি অনুসারে ২০১৯ সালে বিএনএস জয়যাত্রা এবং বিএনএস নবযাত্রা নামে দুটি সাবমেরিন বাংলাদেশ নৌবাহিনীতে যুক্ত হয়। এর ঘাঁটি কক্সবাজারে অবস্থিত। ফোর্সেস গোল ২০৩০ অনুসারে আরো ৪টি অ্যাটাকিং ক্লাস সাবমেরিন ক্রয়ের চুক্তি করা হয়েছে।

**০৭. United Nations Framework Convention on Climate Change-এর মূল আলোচ্য বিষয় –** *[৪৩তম বিসিএস]*

(ক) জীবাশ্ম জ্বালানীর ব্যবহার নিয়ন্ত্রণ (খ) গ্রিন হাউস গ্যাসের নিঃসরণ ও প্রশমন

(গ) সমুদ্রের উচ্চতা বৃদ্ধি (ঘ) বৈশ্বিক মরুকরণ প্রক্রিয়া এবং বনায়ন **উত্তর:** খ

**ব্যাখ্যাঃ** ১৯৯২ সালের ৯ই মে গঠিত হয় United Nations Framework convention on Climate Change (UNFCCC) যা ১৯৯৪ সালে কার্যকর হয়। এই চুক্তির মূল লক্ষ্য ছিল বায়ুমণ্ডলে গ্রিনহাউজ গ্যাস নির্গমনের হার এমন অবস্থায় স্থিতিশীল রাখা, যাতে জলবায়ুগত মানবিক পরিবেশের জন্য তা বিপত্তিকর না হয়। UNFCCC প্রতিবছর Conference of the Parties (COP) সম্মেলন আয়োজন করে আসছে।

**[Matrix আন্তর্জাতিক (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৭০৭]**

**০৮। কোন রাষ্ট্রটি বিরোধপূর্ণ দক্ষিণ চীন সাগরের জলসীমার দাবিদার নয়?** *[৪৩তম বিসিএস]*

(ক) মালয়েশিয়া (খ) ফিলিপাইন

(গ) ভিয়েতনাম (ঘ) কম্বোডিয়া **উত্তর:** ঘ

**ব্যাখ্যা:** দক্ষিণ চীন সাগর বর্তমানে অন্যতম আলোচিত এবং বিরোধপূর্ণ এলাকা। দক্ষিণ চীন সাগরের তীরবর্তী দেশসমূহ হলো চীন, তাইওয়ান, ফিলিপাইন, ভিয়েতনাম, মালয়েশিয়া, ব্রুনেই, সিঙ্গাপুর ও ইন্দোনেশিয়া। চীনের সাথে দক্ষিণ চীন সাগরের সীমানা নিয়ে এসব দেশের মধ্যে বিরোধ চলছে।

**[Matrix আন্তর্জাতিক (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৬২৪]**

**০৯। নাথুলা পাস কোন দুটি দেশকে সংযুক্ত করেছে?** *[৪৩তম বিসিএস]*

(ক) ভারত-নেপাল (খ) ভারত-পাকিস্তান
(গ) ভারত-চীন (ঘ) ভারত-ভুটান **উত্তর:** গ

**ব্যাখ্যাঃ** নাথুলা পাস হলো ভারতের সিকিম থেকে চীনের তিব্বতে যাওয়ার পাহাড়ী পথ। বর্তমানে এই নিয়ে ভারত-চীনের মধ্যে দ্বন্দ্ব হচ্ছে।

**১০। বাংলাদেশ কোনটির সদস্য নয়?** *[৪৩তম বিসিএস]*

(ক) BCIM-EC (খ) OAS
(গ) OIC (ঘ) BIMSTEC **উত্তর:** খ

**ব্যাখ্যা:**

| আমেরিকার রাষ্ট্রসমূহের সংস্থা **Organization of American States (OAS)** | |
|---|---|
| **প্রতিষ্ঠাকাল** | ৩০ এপ্রিল, ১৯৪৮ সালে চুক্তি স্বাক্ষরিত হয়: ১ ডিসেম্বর, ১৯৫১ সালে কার্যকর হয়। |
| **সদর দপ্তর** | ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্র |
| **সদস্য** | ৩৫ টি দেশ। |
| **বাংলাদেশ** | **OAS**-এর একটি স্থায়ী পর্যবেক্ষক রাষ্ট্র। |

[Matrix আন্তর্জাতিক (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৭৮৮]

**১১। চীনের জিনজিয়াং (Xinjiang) প্রদেশের মুসলিম গোষ্ঠীর নাম -** *[৪৩তম বিসিএস]*

(ক) তুর্কমেন (খ) উইঘুর
(গ) তাজিক (ঘ) কাজাখ **উত্তর:** খ

**ব্যাখ্যা:** চীনের জিনজিয়াং প্রদেশে মুসলিম গোষ্ঠীর নাম **'উইঘুর'**। এরা মধ্য এশিয়ায় বসবাসরত তুর্কি বংশোদ্ভূত একটি জাতিগোষ্ঠী। উইঘুররা এই অঞ্চলের সরকারিভাবে স্বীকৃত ৫৬টি নৃতাত্ত্বিক সংখ্যালঘু গোষ্ঠীর অন্যতম। সম্প্রতি উইঘুরদের নির্যাতনের জন্য চীন বিশ্বব্যাপী সমালোচিত হচ্ছে।

[Matrix আন্তর্জাতিক (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৩৩৩, ৪৮৩]

**১২। জাতিসংঘের টেকসই উন্নয়নের লক্ষ্য কয়টি?** *[৪৩তম বিসিএস]*

(ক) ১১ (খ) ১৫
(গ) ১৭ (ঘ) ২১ **উত্তর:** গ

**ব্যাখ্যাঃ**

- **SDGs এর মেয়াদ** : ২০১৬ থেকে ২০৩০ সাল পর্যন্ত। (১ জানু. ২০১৬ থেকে ৩১ ডিসে. ২০৩০)
- **প্রধান লক্ষ্য** : ১৭টি (বাংলাদেশের দেয়া ১৫টি)।
- **সুনির্দিষ্ট উদ্দেশ্য (টার্গেট)** : ১৬৯টি।
- **সূচক** : ২৩০টি

[Matrix আন্তর্জাতিক (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৭৬৮]

Matrix BCS Series

১৩। **বিশ্ব মানবাধিকার দিবস** *[৪৩তম বিসিএস]*

(ক) ৮ ডিসেম্বর (খ) ১০ ডিসেম্বর

(গ) ১১ ডিসেম্বর (ঘ) ১৩ ডিসেম্বর **উত্তর:** খ

**ব্যাখ্যাঃ** ১৯৪৮ সালে ১০ ডিসেম্বর জাতিসংঘের সাধারণ পরিষদের তৃতীয় অধিবেশনে সার্বজনীন মানবাধিকার ঘোষণাপত্র গৃহীত হয়। এতে মোট ৩০টি অনুচ্ছেদ রয়েছে। মানবাধিকার বিষয়ক প্রথম বৈশ্বিক সম্মেলন অনুষ্ঠিত হয় ১৯৬৮ সালে ইরানের তেহরানে। প্রতি বছর ১০ ডিসেম্বর বিশ্ব মানবাধিকার হিসেবে পালিত হয়ে আসছে।

**[Matrix আন্তর্জাতিক (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৯১]**

১৪। **World Development Report কোন সংস্থার বার্ষিক প্রকাশনা?** *[৪৩তম বিসিএস]*

(ক) UNDP (খ) World Bank

(গ) IMF (ঘ) BRICS **উত্তর:** খ

**ব্যাখ্যাঃ**

- ✓ বিশ্বব্যাংক ১৯৫১ সালে 'Osiander-Committee' গঠন করে যা প্রতিবছর **World Development Report** প্রকাশ করে।
- ✓ UNDP প্রকাশ করে Human Development Index (মানব উন্নয়ন সুচক)
- ✓ IMF প্রকাশ করে World Economic Outlook Purchasing Power Parity (PPP) বা ক্রয়ক্ষমতা সূচক।

**[Matrix আন্তর্জাতিক (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৮০৮]**

১৫। **ব্যাডমিন্টন কোন দেশের জাতীয় খেলা?** *[৪৩তম বিসিএস]*

(ক) মালয়েশিয়া (খ) ইন্দোনেশিয়া

(গ) চীন (ঘ) ইংল্যান্ড **উত্তর:** ক

**ব্যাখ্যাঃ** চীনের জাতীয় খেলা - টেবিল টেনিস, ইংল্যান্ডের জাতীয় খেলা - ক্রিকেট, ইন্দোনেশিয়ার জাতীয় খেলা **পেনকাক সিলাত** (কারাতের মত)। মালয়েশিয়ার জাতীয় খেলা **সেপাক টাকরো** যা অনেকটা ব্যাডমিন্টনের মতো, তবে সে খেলাতে হাত ব্যবহার করা যায় না।

**[Matrix আন্তর্জাতিক (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ১৬১]**

১৬। **'The lady with the Lamp' নামে পরিচিত** *[৪৩তম বিসিএস]*

(ক) হেলেন কেলার (খ) ফ্লোরেন্স নাইটিঙ্গেল

(গ) মাদার তেরেসা (ঘ) সরোজিনী নাইডু **উত্তর:** খ

**ব্যাখ্যাঃ** ১৮৫৩ থেকে ১৮৫৬ সাল পর্যন্ত সংঘঠিত ক্রিমিয়া যুদ্ধ সংঘটিত হয়। এর এক পক্ষ ছিলো রাশিয়া এবং অপর পক্ষে ছিলো অটোমান সাম্রাজ্য এবং ফ্রান্স ও ব্রিটেন এর সমন্বয়ে গঠিত মিত্র শক্তি। যুদ্ধে রাশিয়ান সাম্রাজ্য পরাজিত হয়। এই যুদ্ধে যোদ্ধাহত মিত্র শক্তির সৈন্যদের অসামান্য সেবা প্রদানের জন্য ফ্লোরেন্স নাইটিঙ্গেলকে 'The Lady with the Lamp' উপাধি প্রদান করা হয়।

১৭। **মিয়ানমারের নির্বাসিত সরকারের নাম** *[৪৩তম বিসিএস]*

(ক) এনএলডি সরকার (খ) ন্যাশনাল ইউনিটি সরকার

(গ) বার্মিজ গভর্নমেন্ট ইন এক্সাইল (ঘ) অং সান সু চি সরকার **উত্তর:** খ

**ব্যাখ্যাঃ** ১ ফেব্রুয়ারি ২০২১ মিয়ানমারের সামরিক জান্তা দখল কে সরকারকে ক্ষমতাচ্যুত করে। সামরিক সরকারের বিরুদ্ধে প্রতিরোধ আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে ১৮ এপ্রিল ২০২১ বিরোধীদল ও গোষ্ঠীগুলোর সমন্বয়ে গঠিত সরকার (ন্যাশনাল ইউনিটি গভর্নমেন্ট)। এর প্রধান করা হয়। অং সান সু চি কে এবং প্রেসিডেন্ট করা হয় উইন মিন্ট কে।

**১৮। আকাবা একটি –***[৪৩তম বিসিএস]*

(ক) সমুদ্র বন্দর (খ) বিমান বন্দর

(গ) স্থল বন্দর (ঘ) নদী বন্দর **উত্তর:** ক

**ব্যাখ্যাঃ** আকাবা হলো জর্ডানের একমাত্র সমুদ্র বন্দর।

[Matrix আন্তর্জাতিক (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৫১৭]

**১৯। Trafalgar Square-এর অবস্থান** *[৪৩তম বিসিএস]*

(ক) রাশিয়ায় (খ) ইংল্যান্ড

(গ) ফ্রান্সে (ঘ) চীনে **উত্তর:** খ

**ব্যাখ্যাঃ** Trafalgar Square লন্ডনের কেন্দ্রস্থলে অবস্থিত একটি বিশ্বখ্যাত স্কোয়ার। এখানে রাজনৈতিক সভা অনুষ্ঠিত হয়। ১৮০৫ সালে সংঘটিত ব্রিটিশ নৌবাহিনী ফ্রান্সের বিরুদ্ধে বিখ্যাত ট্রাফালগারের যুদ্ধ জয়কে স্মরণ করে রাখতে এ নামকরণ করা হয়।

[Matrix আন্তর্জাতিক (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৩৯৪]

**২০। মায়া সভ্যতাটি আবিষ্কৃত হয়–***[৪৩তম বিসিএস]*

(ক) উত্তর আমেরিকায় (খ) দক্ষিণ আমেরিকায়

(গ) মধ্য আফ্রিকায় (ঘ) মধ্য আমেরিকায় **উত্তর:** ঘ

**ব্যাখ্যাঃ** মায়া সভ্যতা বিরাজমান ছিল বর্তমান যুগের মধ্য আমেরিকার এক বিস্তীর্ণ অঞ্চলজুড়ে। খ্রিষ্টপূর্ব ২০০০ অব্দে মেক্সিকোর জুকাটান উপদ্বীপ থেকে মায়া সভ্যতার যাত্রা শুরু, যা বর্তমানের গুয়েতেমালা, বেলিজ, এলসালভাদর এবং হন্ডুরাস জুড়ে প্রসারিত হয়েছিল।

[Matrix আন্তর্জাতিক (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ২৫৫]

Matrix BCS Series

# ৪৩তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা ২০২১

(তারিখ: ২৯/১০/২১)

FB Page: Matrix BCS Series

## ৪৩তম বিসিএস এর ১০টি বিজ্ঞান প্রশ্নের মধ্যে ৮টি কমন এসেছে Matrix বিজ্ঞান বই থেকে। পৃষ্ঠা নং সহ দেয়া হলো:

### সাধারণ বিজ্ঞান

**০১। প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান হলো** *[৪৩তম বিসিএস]*

(ক) হাইড্রোজেন (খ) নাইট্রোজেন

(গ) মিথেন (ঘ) ইথেন **উত্তর:** গ

**ব্যাখ্যাঃ** প্রাকৃতিক গ্যাসের মূল উপাদান মিথেন হলেও এর সাথে অল্প পরিমাণ অন্যান্য প্যারাফিন হাইড্রোকার্বন যেমন ইথেন, প্রোপেন, বিউটেন, পেন্টেন, হেগেন ইত্যাদি থাকে। এছাড়া আরও থাকে নাইট্রোজেন, কার্বন ডাই অক্সাইড ও হাইড্রোজেন সালফাইড।

[Matrix বিজ্ঞান (জুলাই'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৩৬২, ৩৭২]

**০২। জারণ প্রক্রিয়া সম্পন্ন হয়** *[৪৩তম বিসিএস]*

(ক) অ্যানোডে (খ) ক্যাথোডে

(গ) অ্যানোড এবং ক্যাথোড উভয়টিতে (ঘ) বর্ণিত কোনটিতেই নয় **উত্তর:** ক

**ব্যাখ্যাঃ** অ্যানোড হল সেই ইলেকট্রোড যেখানে জারণ বিক্রিয়া সংঘঠিত হয়। ক্যাথোড হল সেই ইলেকট্রোড যেখানে বিজারণ বিক্রিয়া সংঘঠিত হয়।

[Matrix বিজ্ঞান (জুলাই'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ২৯৭]

**০৩। $^{১৭}_{৮}O$ আইসোটোপের নিউট্রন সংখ্যা কত?** *[৪৩তম বিসিএস]*

(ক) ৮ (খ) ১৭

(গ) ৯ (ঘ) ২৫ **উত্তর:** গ

**ব্যাখ্যাঃ** নিউক্লিয়াসে অবস্থিত প্রোটন ও নিউট্রনের মোট সংখ্যাকে একটি পরমাণুর পারমাণবিক ভর সংখ্যা বা নিউক্লিয়ন সংখ্যা বলা হয়। ভর সংখ্যাকে A দ্বারা প্রকাশ করা হয়।

প্রশ্নানুযায়ী,

অক্সিজেনের, নিউট্রনের সংখ্যা + প্রোটন সংখ্যা = ১৭

প্রোটন সংখ্যা = ৮

অক্সিজেনের নিউট্রন সংখ্যা = ৯

[Matrix বিজ্ঞান (জুলাই'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ২৫৫]

**০৪। নিম্নের কোন রোগটি DNA ভাইরাসঘটিত?** *[৪৩তম বিসিএস]*

(ক) ডেঙ্গুজ্বর (খ) স্মল পক্স
(গ) কোভিড-১৯ (ঘ) পোলিও **উত্তর:** খ

**ব্যাখ্যাঃ** স্মলপক্স বা গুটিবসন্ত একটি দ্বি-সূত্রক DNA ভাইরাস, যা হোস্ট কোষের সাইটোপ্লাজমে প্রতিলিপন করে। বাকি গুলো RNA ভাইরাস।

**[Matrix বিজ্ঞান (জুলাই'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৫১২]**

**০৫। প্রোটিন তৈরি হয়** *[৪৩তম বিসিএস]*

(ক) ফ্যাটি এসিড দিয়ে (খ) সাইট্রিক এসিড দিয়ে
(গ) অ্যামিনো এসিড দিয়ে (ঘ) অক্সালিক এসিড দিয়ে **উত্তর:** গ

**ব্যাখ্যাঃ** অসংখ্য **অ্যামাইনো এসিড** বিভিন্নভাবে সমন্বিত হয়ে বৃহদাকার যৌগিক জৈব অণু গঠন করে, যা প্রোটিন নামে পরিচিত।

**[Matrix বিজ্ঞান (জুলাই'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৬১৭]**

**০৬। কোভিড-১৯ যে ধরনের ভাইরাস** *[৪৩তম বিসিএস]*

(ক) DNA (খ) DNA+RNA
(গ) mRNA (ঘ) RNA **উত্তর:** ঘ

**ব্যাখ্যাঃ** কোভিড-১৯ একটি RNA ভাইরাস।

**[Matrix বিজ্ঞান (জুলাই'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৫১৩]**

**০৭। হৃদযন্ত্রের সংকোচন হওয়াকে বলা হয়?** *[৪৩তম বিসিএস]*

(ক) ডায়াস্টল (খ) সিস্টল
(গ) ডায়াসিস্টল (ঘ) উপরের কোনটিই নয় **উত্তর:** খ

**ব্যাখ্যাঃ**

- ✓ **সিস্টোল:** হৃদপিন্ডের সংকোচন।
- ✓ **সিস্টোলিক চাপ:** হৃদপিন্ডের সংকোচন চাপ।
- ✓ **ডায়াস্টোল:** হৃদপিন্ডের প্রসারণ।
- ✓ **ডায়াস্টোল:** হৃদপিন্ডের প্রসারণজনিত চাপ।

**[Matrix বিজ্ঞান (জুলাই'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৫৬৭]**

**০৮। একটি আদর্শ তড়িৎ উৎসের অভ্যন্তরীণ রোধ কত?** *[৪৩তম বিসিএস]*

(ক) শূন্য (খ) অসিম
(গ) অতিক্ষুদ্র (ঘ) যে কোনো মান **উত্তর:** ক

**ব্যাখ্যাঃ** কোষের ভেতর দিয়ে তড়িৎ প্রবাহ চলার সময় কোষের অভ্যন্তরস্থ তরল ও অন্যান্য পদার্থ তড়িৎ প্রবাহকে যে বাধা প্রদান করে তাকে কোষের অভ্যন্তরীণ রোধ বলে। একটি আদর্শ তড়িৎ উৎসের অভ্যন্তরীণ রোধ শূন্য।

Matrix BCS Series

০৯। **সালোকসংশ্লেষণে সূর্যের আলোর রাসায়নিক শক্তিতে পরিণত করার কর্মদক্ষতা হলো-** *[৪৩তম বিসিএস]*

(ক) ০% (খ) ১০-১৫%

(গ) ৩-৬ % (ঘ) ১০০%

**উত্তর:** গ

**ব্যাখ্যাঃ** সালোকসংশ্লেষণে সাধারণত ৩-৬% এর আলোকসংশ্লিষ্ট দক্ষতার সাথে সূর্যালোকের রাসায়নিক শক্তিতে রূপান্তর করে।

১০। **পানির অণু একটি** *[৪৩তম বিসিএস]*

(ক) প্যারাচুম্বক (খ) ডায়াচুম্বক

(গ) ফেরোচুম্বক (ঘ) অ্যান্টিফেরোচুম্বক

**উত্তর:** খ

**ব্যাখ্যাঃ**

যে সকল পদার্থকে খুব শক্তিশালী কোন চৌম্বকক্ষেত্রের মধ্য স্থাপন করলে ঐ সকল পদার্থে ক্ষীণ চৌম্বকত্ব দেখা যেতে পারে, তাদের **ডায়াচৌম্বক পদার্থ** বলে। যথা: বিসমাথ, অ্যান্টিমনি, পানি, তামা, সোনা, তামা, দস্তা, বিসমাথ, রুপা, সীসা, কাঁচ, মার্বেল, অ্যালকোহল, বায়ু, হাইড্রোজেন, হিলিয়াম, আর্গন ।

কোন পদার্থের উপর চৌম্বকক্ষেত্র প্রয়োগ করা হলে তার দ্বিপোলগুলো সামান্য পরিমাণ চুম্বকত্ব প্রদর্শন করে, তাকে **প্যারা চৌম্বক পদার্থ** বলে। যথা: প্লাটিনাম, অ্যালুমিনিয়াম, ক্রোমিয়াম, তরল অক্সিজেন, ম্যাঙ্গানিজ এবং লোহা ও নিকেলের লবণের দ্রবণ ।

[Matrix বিজ্ঞান (জুলাই'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৩৪]

Matrix BCS Series

৪৩তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা ২০২১
(তারিখ: ২৯/১০/২১)
FB Page: Matrix BCS Series

**৪৩তম বিসিএস এর ১১টি ভূগোল, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রশ্নের মধ্যে ১০টি কমন এসেছে Matrix ভূগোল বই থেকে। পৃষ্ঠা নং সহ দেয়া হলো:**

## ভূগোল, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা

**০১. বাংলাদেশের কোন জেলাটি কয়লা সমৃদ্ধ?** *[৪৩তম বিসিএস]*

ক) সিলেট খ) কুমিল্লা
গ) রাজশাহী ঘ) দিনাজপুর **উত্তর: ঘ**

**ব্যাখ্যাঃ** দিনাজপুরের দক্ষিণ অঞ্চলের নবাবগঞ্জ উপজেলার দিঘি পাড়া কয়লা খনিটি ১৯৯৫ সালে বাংলাদেশ ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তর জরিপ চালিয়ে আবিষ্কার করে এবং ৫টি কূপ খনন করা হয়। ৫টি কূপে ৫০০ মিলিয়ন টন কয়লা মজুদ রয়েছে বলে প্রাথমিক ভাবে জরিপ বিশেষজ্ঞরা জানিয়েছেন। এছাড়াও বড়পুকুরিয়া, মধ্যপাড়াতেও কয়লা খনি রয়েছে।

[Matrix ভূগোল (জুলাই'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ১৭৯]

**০২. সাম্প্রতিক সময়ে বাংলাদেশে কোন দূর্যোগটির ঝুকি বৃদ্ধি পেয়েছে?** *[৪৩তম বিসিএস]*

(ক) ভূমিকম্প খ) ভূমিধস
(গ) টর্নেডো ঘ) খরা **উত্তর: ক**

**ব্যাখ্যাঃ** সাম্প্রতিক সময়ে বাংলাদেশে ভূমিকম্পের ঝুঁকি বৃদ্ধি পেয়েছে।

[Matrix ভূগোল (জুলাই'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ২৯২]

**০৩. নিম্নের কোন দুর্যোগ 'Hydro-meteorological" দুর্যোগ হিসেবে পরিচিত?** *[৪৩তম বিসিএস]*

ক) বন্যা খ) খরা
গ) ঘুর্ণিঝড় ঘ) ভুমিধস **উত্তর:**

**ব্যাখ্যাঃ** 'Hydro-meteorological' দুর্যোগ হলো আবহাওয়া, জলবায়ুগত বা সামুদ্রিক দুর্যোগ। দুর্যোগগুলো হচ্ছে বন্যা, খরা, মৌসুমী ঘূর্ণিঝড়, ভূমিধস বা পলিক্ষয়। অপশনে উল্লেখিত সবগুলোই 'Hydro-meteorological' দুর্যোগ।

[Matrix ভূগোল (জুলাই'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ২৯৫]

**০৪। কোন বনাঞ্চল প্রতিনিয়ত লবণাক্ত পানি দ্বারা প্লাবিত হয়?** *[৪৩তম বিসিএস]*

(ক) পার্বত্য বন (খ) শালবন
(গ) মধুপুর বন (ঘ) ম্যানগ্রোভ বন **উত্তর: ঘ**

[Matrix ভূগোল (জুলাই'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ১৯৮]

**ব্যাখ্যাঃ** সুন্দরবন প্রতিনিয়ত সাগরের জোয়ার ভাটায় লবণাক্ত পানি দ্বারা প্লাবিত হয়। বাংলাদেশে অবস্থিত সুন্দরবন বিশ্বে একক বৃহত্তম ম্যানগ্রোভ বন যা ইউনেস্কো ঘোষিত ওয়ার্ল্ড হেরিটেজ সাইট হিসেবে পরিচিত।

**০৫। বাংলাদেশের কোন দ্বীপটি প্রবাল দ্বীপ নামে খ্যাত?** *[৪৩তম বিসিএস]*

(ক) নিঝুমদ্বীপ (খ) সেন্টমার্টিন
(গ) হাতিয়া (ঘ) কুতুবদিয়া **উত্তর:** খ

**ব্যাখ্যাঃ** সেন্ট মার্টিনস দ্বীপ বাংলাদেশের দক্ষিণ-পূর্বে অবস্থিত। এই দ্বীপে প্রচুর সামুদ্রিক প্রবাল পাওয়া যায় বলে এটিকে **প্রবাল দ্বীপ** বলা হয়। স্থানীয়ভাবে এই দ্বীপ নারিকেল জিঞ্জিরা নামে পরিচিত।

[Matrix ভূগোল (জুলাই'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ১০৯]

**০৬। বাংলাদেশের কোথায় প্লায়িস্টোসিন কালের সোপান দেখা যায়?** *[৪৩তম বিসিএস]*

(ক) বান্দরবান (খ) কুষ্টিয়া
(গ) কুমিল্লা (ঘ) বরিশাল **উত্তর:** গ

**ব্যাখ্যাঃ** আনুমানিক ২৫০০০ বছর পূর্বে প্লায়িস্টোসিন কালের সোপানসমূহ উত্থিত হওয়ার সময় এই উঁচু ভূমি গঠিত হয়। উত্তর পশ্চিমাংশের বরেন্দ্রভূমি, মধ্যভাগের মধুপুর ও ভাওয়াল গড় এবং কুমিল্লা জেলার লালমাই পাহাড় বা উঁচু ভূমি এ অঞ্চলের অন্তর্গত।

[Matrix ভূগোল (জুলাই'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ৯৮]

**০৭। নিম্নের কোন দেশটির সাথে বাংলাদেশের আন্তর্জাতিক সীমানা রয়েছে?** *[৪৩তম বিসিএস]*

(ক) চীন (খ) পাকিস্তান
(গ) থাইল্যান্ড (ঘ) মায়ানমার **উত্তর:** ঘ

**ব্যাখ্যাঃ** ভারত এবং মায়ানমারের সঙ্গে বাংলাদেশের আন্তর্জাতিক সীমানা রয়েছে।

[Matrix ভূগোল (জুলাই'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ৮০]

**০৮। বাংলাদেশের কোন অঞ্চলে আকস্মিক বন্যা হয়?** *[৪৩তম বিসিএস]*

(ক) দক্ষিণ-পশ্চিমাঞ্চল (খ) পশ্চিমাঞ্চল
(গ) উত্তর-পশ্চিমাঞ্চল (ঘ) উত্তর-পূর্বাঞ্চল **উত্তর:** ঘ

**ব্যাখ্যাঃ** বাংলাদেশের **উত্তর-পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলের** উঁচু পাহাড়ের পার্শ্ববর্তী নিম্নাঞ্চলে পাহাড়সমূহ থেকে নেমে আসা জলে **আকস্মিক বন্যার** সৃষ্টি হয়।

[Matrix ভূগোল (জুলাই'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ২৮৭]

**০৯। 'সোয়াচ অব নো গ্রাউন্ড' কী?** *[৪৩তম বিসিএস]*

(ক) একটি দেশের নাম (খ) ম্যানগ্রোভ বন
(গ) একটি দ্বীপ (ঘ) সাবমেরিন ক্যানিয়ন **উত্তর:** ঘ

**ব্যাখ্যাঃ** সুন্দরবনের দুবলার চর থেকে সামান্য দক্ষিনে অবস্থিত সোয়াচ অব নো গ্রাউন্ড বা গঙ্গাখাত। এটি বঙ্গোপসাগরের গভীরতম খাত। এর গভীরতা প্রায় ৯০০ মিটার।

[Matrix বাংলাদেশ (জুলাই'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ৯৯]

Matrix BCS Series

**১০। নিম্নের কোন উপজেলাটি সবচেয়ে নদীভাঙ্গন-প্রবণ?** *[৪৩তম বিসিএস]*

(ক) বোয়ালমারী (খ) নড়িয়া

(গ) আলমডাঙ্গা (ঘ) নিকলি **উত্তর:** খ

**ব্যাখ্যাঃ** নড়িয়া উপজেলা শরীয়তপুর জেলার পদ্মা নদীর তীরে অবস্থিত। পদ্মা নদীর তীরে অবস্থিত হওয়ার প্রতি বছর ব্যাপক ভাঙনের কবলে পতিত হয়।

**১১। ট্রপিক্যাল সাইক্লোন সৃষ্টির জন্য সাগরপৃষ্ঠের ন্যূনতম তাপমাত্রা কত হওয়া প্রয়োজন?** *[৪৩তম বিসিএস]*

(ক) ২৬.৫° সে. (খ) ৩৫° সে.

(গ) ৩৭.৫° সে. (ঘ) ৪০.৫° সে. **উত্তর:** ক

**ব্যাখ্যাঃ** সাইক্লোন সৃষ্টির মূল দুটি কারণ হলো:

(১) গভীর সমুদ্রের পানির উচ্চ তাপমাত্রা ও (২) সমুদ্রের বায়ুমন্ডলের নিম্নচাপ সৃষ্টি।

ঘূর্ণিঝড় সৃষ্টির জন্য সমুদ্রের জলের তাপমাত্রা কমপক্ষে ২৬-২৭ ডিগ্রী সেলসিয়াস থাকা আবশ্যক এবং একটি নির্দিষ্ট গভীরতা (কমপক্ষে ৫০ মিটার) পর্যন্ত এ তাপমাত্রা থাকতে হয়।

[Matrix ভূগোল (জুলাই'২০২১ সংস্করণ): পৃষ্ঠা নং- ২৭৮]

Matrix BCS Series

# ৪৩ তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা ২০২১

তারিখ: ২৯/১০/২০২১

FB Page: Matrix BCS Series

**৪৩তম বিসিএস এর ১৯টি কম্পিউটার ও তথ্য প্রযুক্তি বিষয়ক প্রশ্নের মধ্যে ১৬টি কমন এসেছে Matrix কম্পিউটার ও তথ্য প্রযুক্তি বই থেকে। পৃষ্ঠা নং সহ দেয়া হলো:**

## কম্পিউটার ও তথ্য প্রযুক্তি

০১। **RFID বলতে বোঝায়-** *[৪৩তম বিসিএস]*

(ক) Random Frequency Identification
(খ) Random Frequency Information
(গ) Radio Frequency Information
(ঘ) Radio Frequency Identification — **উত্তর: ঘ**

**ব্যাখ্যাঃ** **RFID** এর পূর্ণরূপ হচ্ছে Radio Frequency Identification. RFID হচ্ছে ক্রেডিট কার্ডের মত পাতলা এবং ছোট একটি ইলেকট্রনিক ডিভাইস যেটায় খুব ছোট একটি চিপ আর একটি কয়েল ও অ্যান্টেনা থাকে। চিপটি সাধারণত সর্বোচ্চ ২০০০ বাইট তথ্য ধারণ করতে পারে।

[Matrix কম্পিউটার ও তথ্য প্রযুক্তি (সেপ্টেম্বর'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ৩৩০]

০২। **কোন মাধ্যমে আলোর পালস্ ব্যবহৃত হয়?** *[৪৩তম বিসিএস]*

(ক) তামার তার — (খ) কো-এক্সিয়াল ক্যাবল
(গ) অপটিক্যাল ফাইবার — (ঘ) ওয়্যারলেস মিডিয়া — **উত্তর: গ**

**ব্যাখ্যাঃ** অপটিক্যাল ফাইবারের কোরের ভিতর দিয়ে আলো যাবার সময় তা বার বার প্রতিফলিত হয়ে আলোর বেগে চলতে থাকে। এভাবে বরারবই সব জায়গায় প্রতিফলিত হয়ে এর ভিতর দিয়ে আলোর সিগনাল (ডেটা) স্থানান্তরিত হয়।

[Matrix কম্পিউটার ও তথ্য প্রযুক্তি (সেপ্টেম্বর'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ৩১৩]

০৩। **কোন চিহ্নটি ই-মেইল ঠিকানায় অবশ্যই থাকবে?** *[৪৩তম বিসিএস]*

(ক) $ — (খ) #
(গ) & — (ঘ) @ — **উত্তর: ঘ**

**ব্যাখ্যাঃ** অ্যাট '@' চিহ্ন প্রত্যেকটি ই-মেইল ঠিকানার অত্যাবশ্যকীয় অংশ। ই-মেইল ঠিকানা দুইটি অংশে বিভক্ত। প্রথম অংশটি হলো ব্যবহাকারীরর নাম। তার পরে থাকে সংশ্লিষ্ট ব্যবহাকারীর প্রতিষ্ঠানের নাম। যেমন: xyz@gov.com-এই ঠিকানাটিতে xyz হলো ব্যবহারকীরর নাম, gov.com হলো ব্যবহাকারীর মেইল সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠানের নাম।

[Matrix কম্পিউটার ও তথ্য প্রযুক্তি (সেপ্টেম্বর'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ৩০২]

FB Page: Matrix BCS Series

**০৪। নিচের কোনটি anti-virus সফটওয়্যার নয়?** *[৪৩তম বিসিএস]*

(ক) Oracle (খ) McAfee
(গ) Norton (ঘ) Kaspersky **উত্তর: ক**

**ব্যাখ্যাঃ** anti-virus সফটওয়্যারের উদাহরণ: McAfee, Norton, Kaspersky, AVG, Avira, Panda, AVAST, Symantec, Cobra ইত্যাদি। অন্যদিকে Oracle ডেটাবেজ হলো একটি সর্ববৃহৎ ডেটাবেজ নির্মাতা কোম্পানী।

[Matrix কম্পিউটার ও তথ্য প্রযুক্তি (সেপ্টেম্বর'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ২৩৫]

**০৫। নিচের কোনটি output device নয়?** *[৪৩তম বিসিএস]*

(ক) monitor (খ) microphone
(গ) printer (ঘ) speaker **উত্তর: খ**

**ব্যাখ্যাঃ** কয়েকটি আউটপুট ডিভাইস হচ্ছে- স্পিকার, মনিটর, প্রিন্টার, প্লটার ইত্যাদি। কয়েকটি ইনপুট ডিভাইস হচ্ছে- কিবোর্ড, মাউস, স্ক্যানার, লাইটপ্যান, মাইক্রোফোন, ওয়েব ক্যামেরা ইত্যাদি।

[Matrix কম্পিউটার ও তথ্য প্রযুক্তি (সেপ্টেম্বর'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ৬৪]

**০৬। নিচের কোনটি একটি প্রতিষ্ঠানের ওয়েব ঠিকানাকে নির্দেশ করে?** *[৪৩তম বিসিএস]*

(ক) http (খ) www
(গ) URL (ঘ) HTML **উত্তর: গ**

**ব্যাখ্যাঃ** URL (Uniform Resource Locator) বা ওয়েব ঠিকানা ইন্টারনেটের মাধ্যমে কোন বিশেষ ওয়েবসাইট পৌছানোর জন্য ব্যবহৃত হয়।

[Matrix কম্পিউটার ও তথ্য প্রযুক্তি (সেপ্টেম্বর'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ২৭৬]

**০৭। নিচের কোন প্রযুক্তি 'Pay as You Go' সার্ভিস মডেল অনুসরণ করে?** *[৪৩তম বিসিএস]*

(ক) Internet of Things (IoT) (খ) Cloud Computing
(গ) Client Server Systems (ঘ) Big Data Analytics **উত্তর: খ**

**ব্যাখ্যাঃ** **'Pay as You Go'** একটি পেমেন্ট মডেল। ক্রেতাকে আগে থেকে কোনো সার্ভিস রিজার্ভ করতে হবে না। ক্রেতা যা ব্যবহার করবে কেবলমাত্র তার জন্যই পেমেন্ট দিতে হবে। ক্লাউড কম্পিউটিং এ. 'Pay as You go' সার্ভিস মডেল অনুসরণ করে।

[Matrix কম্পিউটার ও তথ্য প্রযুক্তি (সেপ্টেম্বর'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ৩৪৮]

**০৮. Keyboard এবং CPU-এর মধ্যে কোন পদ্ধতিতে data transmission** *[৪৩তম বিসিএস]*

(ক) Simplex (খ) Duplex
(গ) Half duplex (ঘ) Triplex **উত্তর: ক**

**ব্যাখ্যাঃ** Simplex data transmission মোডে কেবলমাত্র একদিকে ডেটা প্রেরণের ব্যবস্থা থাকে। অর্থাৎ এই ব্যবস্থায় ডেটা গ্রহণ অথবা প্রেরণের যে কোন একটি সম্ভব। যে প্রান্ত ডেটা প্রেরণ করবে সে প্রান্ত গ্রহণ করতে পারবে না। এবং গ্রহণ প্রান্ত প্রেরণ করতে পারে না। উদাহরণ-রেডিও এবং টিভি ব্রডকাস্ট, কম্পিউটার থেকে প্রিন্টারে ডেটা প্রেরণ, কী-বোর্ডে থেকে কম্পিউটার ডেটা প্রেরণ ইত্যাদি।

[Matrix কম্পিউটার ও তথ্য প্রযুক্তি (সেপ্টেম্বর'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ৪০]

Matrix BCS Series

**০৯. Block chain-এর প্রতিটি block কী তথ্য বহন করে?** *[৪৩তম বিসিএস]*

(ক) A hash pointer to the previous block
(খ) Timestamp
(গ) List of transactions
(ঘ) উপরের সবগুলো **উত্তর: ঘ**

**ব্যাখ্যাঃ** Block chain হচ্ছে সম্প্রতি আলোচিত বিটকয়েন ব্যবস্থাপনা মাধ্যম। এর প্রতিটি block একে অন্যের সাথে (Hash Pointer….) দিয়ে যুক্ত থেকে প্রতিটি লেনদেন (List of Transaction) এর সময় (timestamp) ও সম্পৃক্তি রেকর্ড করে রাখে।

**১০। নিচের কোনটি Open Source DBMS?** *[৪৩তম বিসিএস]*

(ক) MySQL (খ) Microsoft SQL Server
(গ) Microsoft Access (ঘ) Oracle **উত্তর: ক**

**ব্যাখ্যাঃ**

- ✓ কয়েকটি Open Source Database Management System এর নাম: MySQL, PostgreSQL, SQLite, Apache Cassandra, InterBase, PounchDB, Dnizzle etc.
- ✓ অপরদিকে Microsoft SQL Server হলো মাইক্রোসফট দ্বারা নির্মিত একটি ডেটাবেস ম্যানেজমেন্ট সিস্টেম।
- ✓ Microsoft Access হলো একটি ডেটাবেস প্রোগ্রাম।
- ✓ Oracle ডেটাবেজ হলো একটি সর্ববৃহৎ ডেটাবেজ নির্মাতা কোম্পানী।

[Matrix কম্পিউটার ও তথ্য প্রযুক্তি (সেপ্টেম্বর'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ১৭৮]

**১১। নিচের Job Scheduling Policy সমূহের মধ্যে কোন Starvation থেকে মুক্ত?** *[৪৩তম বিসিএস]*

(ক) Priority Scheduling (খ) Shortest Job First
(গ) Youngest Job First (ঘ) Round-robin. **উত্তর: ঘ**

**ব্যাখ্যাঃ** Round-robin হলো CPU Scheduling algorithm যেখানে প্রতিটি প্রসেস চক্রকারে একটি নির্দিষ্ট টাইম অনুযায়ী সম্পন্ন হয়। এটি প্রয়োগ করা সহজ এবং Starvation থেকে মুক্ত।

[Matrix কম্পিউটার ও তথ্য প্রযুক্তি (সেপ্টেম্বর'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং ১৩৩, ১৩৯]

**১২। নিচের কোন প্রযুক্তি Face Recognition System-এর সহায়ক ভূমিকা পালন করে?** *[৪৩তম বিসিএস]*

(ক) Applied Artificial Intelligence (AI)
(খ) Applied Internet of Things (loT)
(গ) Virtual Reality
(ঘ) উপরের কোনটিই নয় **উত্তর: ক**

**ব্যাখ্যাঃ** **Face Recognition System** (মানুষের মুখমণ্ডল সনাক্তকরণ) হচ্ছে এক ধরনের কম্পিউটার প্রোগ্রাম যার সাহায্যে মানুষের মুখের গঠন প্রকৃতি পরীক্ষা করে তাকে সনাক্ত করা হয়।

Matrix BCS Series

সন্দেহভাজন কোন ব্যক্তিকে সনাক্তকরণে, বিল্ডিং বা কক্ষের প্রবেশদ্বারে পাহারা দেওয়ার কাজে এবং কোন ব্যক্তির আইডি নম্বর সনাক্তকরণে এই পদ্ধতি ব্যবহার হয়। Applied Artificial Intelligence (AI) Face Recognition System এর ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করে।

**১৩। যে সাইবার আক্রমণ সংঘটিত হলে গ্রাহকের বৈধ অনুরোধসমূহ কোন একটি web server সম্পূর্ণ করতে ব্যর্থ হয় সেটি কী নামে পরিচিত?** *[৪৩তম বিসিএস]*

(ক) Phishing (খ) Man-in-the-Middle

(গ) Denial of Service (ঘ) উপরের কোনটিই নয় **উত্তর: গ**

**ব্যাখ্যাঃ** Denial of Service (অ্যাটাক বা সেবা বাধাদানের আক্রমণ) হলো কোনো কম্পিউটার সিস্টেমের কোনো রিসোর্স বা সেবার (service) প্রকৃত ব্যবহারকারীদের বাধা দেয়ার একটি কৌশল। কোনো কম্পিউটার বা সিস্টেম ইন্টারনেট ওয়েবসাইটে এই আক্রমণ চালানোর মাধ্যমে ঐ সিস্টেম বা সাইটের যথাযথ কার্যক্রমকে ধীর গতির, বা অনেক ক্ষেত্রে পুরোপুরি বন্ধ করে দেয়া হয়।

**১৪। নিচের কোন মেমোরিটিতে Access Time সবচেয়ে কম?** *[৪৩তম বিসিএস]*

(ক) Registers (খ) SSD

(গ) RAM (ঘ) Cache memory **উত্তর: ঘ**

**ব্যাখ্যাঃ**

✓ রেজিস্টার একটি হার্ডওয়্যার কোম্পোনেন্ট যেটি ক্ষুদ্রতম সময়ে বিট দ্বারা করতে সক্ষম।

✓ অন্যদিকে, Cache memory হলো বার বার ব্যবহৃত মেমোরিকে হার্ড ড্রাইভে না রেখে র‍্যামে এনে রাখা।

✓ সফটওয়্যারের মাধ্যমে দ্রুততম এক্সেস করা যায় ক্যাশ মেমোরিতে। অন্যদিকে, রেজিস্টার হার্ডওয়্যারে এরেস টাইম প্রায় ন্যানোসেকেন্ড লেভেলে।

[Matrix কম্পিউটার ও তথ্য প্রযুক্তি (সেপ্টেম্বর'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ১০১]

**১৫। Bluetooth-এর IEEE standard?** *[৪৩তম বিসিএস]*

(ক) IEEE 802.15 (খ) IEEE 802.1

(গ) IEEE 802.3 (ঘ) IEEE 802.11 **উত্তর: ক**

**ব্যাখ্যাঃ**

Bluetooth standard – IEEE 802.15
Wi-fi – IEEE 802.11
Wimax – IEEE 802.16

[Matrix কম্পিউটার ও তথ্য প্রযুক্তি (সেপ্টেম্বর'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ২৬৪]

**১৬। ১০১১১০ বাইনারি নাম্বারের সমতুল্য ডেসিমাল নাম্বার কোনটি?** *[৪৩তম বিসিএস]*

(ক) ৪৬ (খ) ১৬

(গ) ২৪ (ঘ) ৫৪ **উত্তর: ক**

**ব্যাখ্যাঃ** $১০১১১০ = ১\times২^{৫} + ০\times২^{৪} + ১\times২^{৩} + ১\times২^{২} + ১\times২^{১} + ০\times২^{০}$

$= ৩২ + ০ + ৮ + ৪ + ২ + ০$

$= ৪৬$

Matrix BCS Series

FB Page: Matrix BCS Series

[Matrix কম্পিউটার ও তথ্য প্রযুক্তি (সেপ্টেম্বর'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ২০৪]

**১৭। DNS সার্ভারের কাজ হচ্ছে ___ কে ___ address-এ পরিবর্তন করা।** *[৪৩তম বিসিএস]*

(ক) Email, DNS (খ) MAC Address, IP

(গ) Domain name, IP (ঘ) Email, IP **উত্তর:** গ

**ব্যাখ্যাঃ** DNS (Domain name system) হলো এমন একটি প্রযুক্তি যা ইন্টারনেট ব্যবহারকারীদের বিভিন্ন ওয়েবসাইট এবং ইন্টানেটের অন্যান্য স্থানে পরিচালিত করে এর কাজ হচ্ছে Domain Name কে IP Address এ পরিবর্তন করা।

[Matrix কম্পিউটার ও তথ্য প্রযুক্তি (সেপ্টেম্বর'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ২৮২]

**১৮। নিচের কোন ডিভাইসটি ডিজিটাল সিগন্যালকে অ্যানালগ সিগন্যলে পরিবর্তনে ব্যবহৃত হয়?** *[৪৩তম বিসিএস]*

(ক) Router (খ) Switch

(গ) Modem (ঘ) HUB **উত্তর:** গ

**ব্যাখ্যাঃ** ডিজিটাল সংকেতকে অ্যানালগ সংকেতে পরিবর্তনের প্রক্রিয়াকে মডুলেশন বলে। অ্যানালগ সংকেতকে ডিজিটাল সংকেতকে ডিজিটাল সংকেতে রূপান্তরের প্রক্রিয়াকে ডিমডুলেশন বলে। প্রেরক বা প্রাপক হিসাবে ব্যবহৃত যে ডিভাইস বা যন্ত্র ডেটা কমিউনিকেশন সিস্টেমে মডুলেশন ও ডিমডুলেশন প্রক্রিয়ার সাহায্যে উৎস ও গন্তব্যের মধ্যে ডেটা আদান-প্রদান করে তাকে মডেম বলা হয়। মডেম একটি ইলেক্ট্রনিক ডিভাইস যা ইনপুট বা আউটপুট হিসাবে ব্যবহৃত হয়। মডেম শব্দটি মডুলেটর-ডিমডুলেটরের (Modulator Demodulator) সংক্ষিপ্ত রূপ। মডুলেটর ডিজিটাল সংকেতকে অ্যানালগ সংকেতে পরিবর্তন করে এবং এই কাজের জন্য এতে একটি ডেক (DAC-Digital to Analog converter) নামক চিপ বা সার্কিট থাকে।

[Matrix কম্পিউটার ও তথ্য প্রযুক্তি (সেপ্টেম্বর'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ২৯৬]

**১৯। নিচের কোনটি multi-tasking operating system নয়?** *[৪৩তম বিসিএস]*

(ক) Windows (খ) Linux

(গ) Windows NT (ঘ) DOS **উত্তর:** ঘ

**ব্যাখ্যাঃ** কমান্ডভিত্তিক অপারেটিং সিস্টেম DOS যেখানে একাধিক ব্যবহারকারীর একসাথে কমান্ড দেয়ার সুযোগ নাই।

[Matrix কম্পিউটার ও তথ্য প্রযুক্তি (সেপ্টেম্বর'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ১৬২]

Matrix BCS Series

# ৪৩ তম বিসিএস

## তারিখ: ২৯.১০.২০২১

## FB Page: Matrix BCS Series

**৪৩তম বিসিএস এর ১০টি নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন বিষয়ক প্রশ্নের মধ্যে ৮টি কমন এসেছে Matrix নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন বই থেকে। পৃষ্ঠা নং সহ দেয়া হলো:**

## নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন

০১। **'কর্তব্যের জন্য কর্তব্য-ধারণাটির প্রবর্তক কে?** [৪৩তম বিসিএস]

(ক) ইমানুয়েল কান্ট (খ) হার্বার্ট স্পেন্সার

(গ) বার্ট্রান্ড রাসেল (ঘ) অ্যারিস্টটল **উত্তর:** ক

[Matrix নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ২১২]

**ব্যাখ্যাঃ** জীবন সংরক্ষণ করার জন্য আমাদের মধ্যে প্রকৃতিগতভাবেই একটি প্রবণতা বা ঝোঁক রয়েছে। ইমানুয়েল কান্ট বলেন, আমাদের অনেকেই এই কর্তব্য পালন করেন এমন সব নীতি অনুসারে যার মধ্যে কোন নৈতিক আধেয় নেই। তারা জীবন সংরক্ষণের কাজগুলো করে বেঁচে থাকেন। ইমানুয়েল কান্টের ভাষায়, " They do protect their lives in conformity with duty, but not from the motive of duty."। এই কর্তব্য- প্রণোদনাকে বলা হচ্ছে **"কর্তব্যের খাতিরে কর্তব্য"** বা "for the sake of duty".

০২। **'Human Society in Ethics and Politics' গ্রন্থের লেখক কে?** [৪৩তম বিসিএস]

(ক) প্লেটো (খ) রুসো

(গ) বার্ট্রান্ড রাসেল (ঘ) জন স্টুয়ার্ট মিল **উত্তর:** গ

**ব্যাখ্যাঃ** বার্ট্রান্ড রাসেল ছিলেন একজন ব্রিটিশ দার্শনিক। বার্ট্রান্ড রাসেল ১৯০০ সালের শুরুতে ব্রিটিশদের আদর্শবাদের বিরুদ্ধে বিদ্রোহের নেতৃত্ব প্রদান করেন। তাঁর উল্লেখ যোগ্য গ্রন্থসমূহ - Human Society in Ethics and Politics, The Principle of Mathematics, Principle Mathematica (with Alfred North whitehead), The philosophy of Logical atomism, The Analysis of Mind and The analysis of Matter. His popular writings on politics, morality, and religion included A Free Man's worship. Why I am Not a Christian and Power; A New Social Analysis.

০৩। **শাসক যদি মহৎগুণসম্পন্ন হয় তাহলে আইন নিষ্প্রয়োজন, আর শাসক যদি মহৎগুণসম্পন্ন না হয় তাহলে আইন অকার্যকর'-এটি কে বলেছেন?** [৪৩তম বিসিএস]

(ক) সক্রেটিস (খ) প্লেটো

(গ) অ্যারিস্টটল (ঘ) বেনথাম **উত্তর:** খ

[Matrix নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ১০৯]

ব্যাখ্যাঃ শাসক যদি ন্যায়বান হন তাহলে আইন নিষ্প্রয়োজন, আর শাসক যদি দুর্নীতিপরায়ন হন তাহলে আইন নিরর্থক'-এই বিখ্যাত উক্তিটি করেছেন রাষ্ট্রবিজ্ঞানী প্লেটো।

**০৪। নৈতিক মূল্যবোধের উৎস কোনটি?** [৪৩তম বিসিএস]

(ক) সমাজ (খ) নৈতিক চেতনা

(গ) রাষ্ট্র (ঘ) ধর্ম **উত্তর: ঘ**

[Matrix নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ২৬]

ব্যাখ্যাঃ নৈতিক মূল্যবোধের একটি অন্যতম উৎস - ধর্ম।

**০৫। 'On Liberty' গ্রন্থের লেখক কে?** [৪৩তম বিসিএস]

(ক) ইমানুয়েল কান্ট (খ) টমাস হবস্

(গ) জন স্টুয়ার্ট মিল (ঘ) জেরেমি বেন্থাম **উত্তর: গ**

ব্যাখ্যাঃ 'On Liberty' গ্রন্থের লেখক বিখ্যাত দার্শনিক জন স্টুয়ার্ট মিল। জন স্টুয়ার্ট মিল এর অন্যান্য গ্রন্থ -Utilitarianism, Principle of political Economy, The logic of the moral sciences.

**০৬। উৎপত্তিগত অর্থে governance শব্দটি কোন ভাষা থেকে এসেছে?** [৪৩তম বিসিএস]

(ক) ল্যাটিন (খ) গ্রিক

(গ) হিব্রু (ঘ) ফারসি **উত্তর: ক**

ব্যাখ্যাঃ উৎপত্তিগত অর্থে governance শব্দটি ল্যাটিন ভাষা থেকে এসেছে।

[Matrix নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ৫১]

**০৭। সুশাসনের মূল ভিত্তি কী?** [৪৩তম বিসিএস]

(ক) মূল্যবোধ (খ) আইনের শাসন

(গ) গণতন্ত্র (ঘ) আমলাতন্ত্র **উত্তর: খ**

ব্যাখ্যাঃ সামাজিক মূল্যবোধের উপাদান সমূহ হলঃ আইনের শাসন, নৈতিকতা, সাম্য সামাজিক শিষ্টাচার, সততা, ন্যায়বিচার।

[Matrix নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ৫৫]

**০৮। কোন নৈতিক মানদণ্ডটি সর্বোচ্চ সুখের উপর গুরুত্ব প্রদান করে?** [৪৩তম বিসিএস]

(ক) আত্মস্বার্থবাদ (খ) পরার্থবাদ

(গ) পূর্ণতাবাদ (ঘ) উপযোগবাদ **উত্তর: ঘ**

ব্যাখ্যাঃ

- জেরেমি বেন্থাম ছিলেন ইংরেজ (যুক্তরাজ্যবাসী) দার্শনিক , আইনতত্ত্ববিদ এবং সমাজ সংস্কারক।
- তাকে আধুনিক উপযোগবাদ এর জনক ধরা হয়।
- উপযোগবাদ হলো —একটি সুখবাদী মত।
- সুখকে নৈতিকতার মানদন্ড হিসেবে গ্রহণ করে — সুখবাদ ।

[Matrix নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ২০৭, ২১৪]

**০৯। বাংলাদেশে কত সালে 'জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করা হয়?** [৪৩তম বিসিএস]

(ক) ২০১০ (খ) ২০১১
(গ) ২০১২ (ঘ) ২০১৩ **উত্তর:** গ

**ব্যাখ্যাঃ** ২০১২ সালে মন্ত্রিপরিষদ বিভাগ জাতীয় শুদ্ধাচার কৌশল প্রয়োগের উদ্যোগ নেয়। সরকারী কর্মকর্তা সম্পর্কে সাধারণ মানুষের বিদ্যমান ধারণা বদলাতে এবং সকল কর্মকর্তা কর্মচারীকে সরাসরি জবাবদিহিতার আওতায় আনার লক্ষ্যেই নেয়া হয়েছে জাতীয় শুদ্ধাচার কৌশল। এই প্রশিক্ষণ গ্রহন বাধ্যতামূলক।

**১০। বিশ্বব্যাংকের মতে সুশাসনের উপাদান কয়টি?** [৪৩তম বিসিএস]

(ক) ৩টি (খ) ৫টি
(গ) ৪টি (ঘ) ৬টি **উত্তর:** গ

**ব্যাখ্যাঃ** **বিশ্বব্যাংকের মতে, সুশাসনের স্তম্ভ চারটি:**

১. সরকারি প্রশাসন ব্যবস্থাপনা
২. দায়বদ্ধতা ও জবাবদিহিতা
৩. উন্নয়নের বৈধ কাঠামো
৪. স্বচ্ছতা ও অবাধ তথ্য প্রবাহ

[Matrix নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং - ১২৬]

Matrix BCS Series

# ৪৩ তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা ২০২১

## তারিখ: ২৯/১০/২০২১

## FB Page: Matrix BCS Series

### গাণিতিক যুক্তি

০১। $2^{\log_2 3+\log_2 5}$ এর মান কত? *[৪৩তম বিসিএস]*

(ক) ৮ (খ) ২

(গ) ১৫ (ঘ) ১০ উত্তর: গ

**সমাধানঃ**

$2^{\log_2 3+\log_2 5}$

$= 2^{\log_2 3}.2^{\log_2 5}$ $[a^{m+n} = a^m.a^n]$

$= 3.5$ $[n^{\log_n x} = x]$

$= 15$

০২. একটি কোণের মান তার সম্পূরক কোণের মানের অর্ধেকের সমান। কোণটির মান কত? *[৪৩তম বিসিএস]*

(ক) ৩০° (খ) ৬০°

(গ) ৯০° (ঘ) ১২০° উত্তর: খ


**সমাধানঃ**

$x + \frac{x}{2} = 180°$

বা, $3x = 360°$

বা, $x = 120°$

So, $\frac{x}{2} = 60°$




[Matrix গাণিতিক যুক্তি (জুলাই'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৫৬০]

০৩। $A = \{x \in IN \mid 2 < x \leq 8\}$

$B = \{x \in IN \mid x$ বিজোড় এবং $x \leq 9\}$ হলে, $A \cap B =$ কত? *[৪৩তম বিসিএস]*

(ক) {3, 5,8} (খ) {4,5,7}

(গ) {3,4,5} (ঘ) {3,5,7} উত্তর: ঘ

**সমাধানঃ** A ও B সেটকে তালিকা পদ্ধতিতে প্রকাশ করে পাই,

$A = \{3,4,5,6,7,8\}$

$B = \{1,3,5,7,9\}$

$A \cap B = \{3,4,5\}$

০৪। একটি অনুষ্ঠানে কিছু লোক উপস্থিত ছিল। তারা কেবল একজন মাত্র একজনের সাথে একবার করমর্দন করতে পারবে। যদি করমর্দনের সংখ্যা ৩০০ হয়, তাহলে ঐ অনুষ্ঠানে কতজন লোক ছিল? *[৪৩তম বিসিএস]*

(ক) ২৪ (খ) ২৫
(গ) ৩০ (ঘ) ৬০ উত্তর: খ

**সমাধানঃ**

$n_{C_2} = 300$

বা, $\frac{n!}{2!(n-2)!} = 300$

বা, $\frac{n(n-1)}{2} = 300$

বা, $n^2 - n - 600 = 0$

বা, $n^2 - 25n + 24n - 600 = 0$

$\therefore n - 25 = 0$ অথবা, $n + 24 = 0$

বা, $n = 25$ বা, $n = -24$

[Matrix গাণিতিক যুক্তি (জুলাই'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৭৭৭]

০৫। একদল গরু প্রতিবার সমান সংখ্যায় ভাগ হয়ে তিন পথে গমন করে, সাত ঘাটে পানি পান করে, নয়টি বৃক্ষের নিচে ঘুমায় এবং বারো জন গোয়ালা সমান সংখ্যক গরুর দুধ দোয়ায়; তাহলে গরুর সংখ্যা কত? *[৪৩তম বিসিএস]*

(ক) ৫২২ (খ) ২৫২
(গ) ২২৫ (ঘ) ১৫৫ উত্তর: খ

**সমাধানঃ** নির্ণেয় গরুর সংখ্যা 3, 7, 9 এবং 12 এর ল.সা.গু

$$\begin{array}{r|l} 3 & 3, 7, 9, 12 \\ \hline & 1, 7, 3, 4 \end{array}$$

$= 3 \times 1 \times 7 \times 3 \times 4$

$= 252$

০৬। $5x - x^2 - 6 > 0$ হলে, নিচের কোনটি সঠিক? *[৪৩তম বিসিএস]*

(ক) $x > 3, x < 2$ (খ) $2 > x > 3$
(গ) $x < 2$ (ঘ) $2 < x < 3$ উত্তর: ঘ

**সমাধানঃ**

$5x - x^2 - 6 > 0$

বা, $x^2 - 5x + 6 < 0$ [(-1) দ্বারা গুণ করে]

বা, $x^2 - 3x - 2x + 6 < 0$

বা, $(x - 3)(x - 2) < 0$

শর্তঃ (i)

$(x - 3) < 0$

$x < 3$

Matrix BCS Series

এবং

$(x-2) < 0$

$x < 2$

অর্থাৎ $2 < x < 3$

শর্তঃ **(ii)**

$(x-3) > 0$

$x > 3$

এবং

$(x-2) > 0$

$x > 2$

অর্থাৎ $2 < x < 3$

[Matrix গাণিতিক যুক্তি (জুলাই'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৪৩৫]

০৭। **$4^x + 4^{1-x} = 4$ হলে, $x =$ কত?** *[৪৩তম বিসিএস]*

(ক) $\frac{1}{4}$ (খ) $\frac{1}{3}$

(গ) $\frac{1}{2}$ (ঘ) 1 উত্তর: গ

সমাধানঃ

$4^x + 4^{1-x} = 4$

বা, $4^x + \frac{4}{4^x} = 4$

বা, $p + \frac{4}{p} = 4$ [$4^x = p$ ধরে]

বা, $\frac{p^2+4}{p} = 4$

বা, $p^2 - 4p + 4 = 0$

বা, $(p-2)^2 = 0$

বা, $p = 2$

বা, $4^x = 2$ [$p = 4^x$ বসিয়ে]

বা, $2^{2x} = 2^1$

বা, $2x = 1$

$\therefore x = \frac{1}{2}$

[Matrix গাণিতিক যুক্তি (জুলাই'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৪৮৫]

০৮। **$\frac{1}{4} - \frac{1}{6} + \frac{1}{9} - \frac{2}{7} + \ldots\ldots$ ধারাটির অসীম পদের সমষ্টি কত?** *[৪৩তম বিসিএস]*

(ক) $S_\infty = \frac{20}{3}$ (খ) $S_\infty = \frac{3}{20}$

(গ) $S_\infty = 20$ (ঘ) $S_\infty = 3$ উত্তর: খ

সমাধানঃ [প্রশ্নের চতুর্থ পদ $-\frac{1}{7}$ এর পরিবর্তে $-\frac{2}{27}$ হলে প্রশ্নটি যথার্থ হয়।]

$\frac{1}{4} - \frac{1}{6} + \frac{1}{9} - \frac{2}{27}$

ধারাটির ১ম পদ (a) $= \frac{1}{4}$

সাধারণ অনুপাত (r) $= -\frac{\frac{1}{6}}{\frac{1}{4}} = -\frac{1}{6} \times 4 = -\frac{2}{3}$

$\therefore$ ধারাটির অসীমতক সমষ্টি, $S_\infty = \frac{a}{1-r}$

$$= \frac{\frac{1}{4}}{1-(-\frac{2}{3})} = \frac{\frac{1}{4}}{1+\frac{2}{3}} = \frac{\frac{1}{4}}{\frac{5}{3}} = \frac{1}{4} \times \frac{3}{5} = \frac{3}{20}$$

[Matrix গাণিতিক যুক্তি (জুলাই'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৫১৬]

০৯। $\frac{x-2}{x-1} + \frac{1}{x-1} - 2 = 0$ এর সমাধান সেট কোনটি ? *[৪৩তম বিসিএস]*

(ক) $\{\varphi\}$ (খ) $\{1\}$

(গ) $\{-1\}$ (ঘ) $\{2\}$

উত্তর: ক

**সমাধানঃ**

$\frac{x-2}{x-1} + \frac{1}{x-1} - 2 = 0$

বা, $\frac{x-2}{x-1} + \frac{1}{x-1} = 2$

বা, $\frac{x-2+1}{x-1} = 2$

বা, $x - 1 = 2x - 2$

বা, $x = 1$ , যা সম্ভব নয়

Ans. $\{\varphi\}$

$\frac{x-2}{x-1} + \frac{1}{x-1} - 2 = 0$

ভগ্নাংশের হর শূন্য হলে ভগ্নাংশটি অসংজ্ঞায়িত হয়।

সুতরাং $x - 1 \neq 0$

বা, $x \neq 1$

১০। **A এবং B দুটি ঘটনা যেন, $P(A) = 2$, $P(A \cup B) = \frac{3}{4}$ এবং $P(B^c) = \frac{5}{8}$ ।**
**$P(A^c \cap B^c) =$ কত?** *[৪৩তম বিসিএস]*

(ক) $\frac{1}{8}$ (খ) $\frac{1}{6}$

(গ) $\frac{1}{4}$ (ঘ) $\frac{1}{2}$

উত্তর: গ

**সমাধানঃ**

$P(A) = \frac{1}{2}$

$P(A \cup B) = \frac{3}{4}$

$P(B^c) = \frac{5}{8}$

$P(A^c \cap B^c) = P(A^c \cup B^c)$ [ডি মরগান'স এর সূত্র অনুসারে]

$= 1 - P(A \cup B)$

$= 1 - \frac{3}{4} = \frac{1}{4}$

১১. বাস্তব সংখ্যায় $\frac{1}{3x-5} < \frac{1}{3}$ অসমতাটির সমাধান- *[৪৩তম বিসিএস]*

ক) $-\infty < x < \frac{5}{3}$ খ) $\frac{8}{3} < x < \infty$

গ) $-\infty < x < \frac{5}{2}$ অথবা $\frac{8}{3} < x < \infty$ ঘ) $-\infty < x < \frac{5}{2}$ এবং $\frac{8}{3} < x < \infty$ উত্তর: খ

সমাধানঃ

$$\frac{1}{3x-5} < \frac{1}{3}$$

বা, $3x - 5 > 3$

বা, $3x > 8$

বা, $x > \frac{8}{3}$

so, $\frac{8}{3} < x < \infty$

১২. ২০% যৌগকি মুনাফায় মূলধন ১০০০০ টাকা ২ বছররে জন্য বিনিয়োগ করা হলো। যদি যৌগিক মুনাফা অর্ধ বছর হিসেবে ধরা হয়, তাহলে চক্রবৃদ্ধি মূলধন কত? *[৪৩তম বিসিএস]*

ক) ১২[৪] খ) ১১[৪]

গ) ১০[৪] ঘ) ৯[৪] উত্তর: খ

সমাধানঃ

চক্রবৃদ্ধি মূলধন $= P\left(1+\frac{p}{m}\right)^{n\times m}$

$= 10000\left(1+\frac{20}{100\times 2}\right)^{2\times 2}$

$= 10000\left(\frac{110}{100}\times\frac{110}{100}\times\frac{110}{100}\times\frac{110}{100}\right)$

$= 11^4$

[Matrix গাণিতিক যুক্তি (জুলাই'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ২৮৫]

১৩. $x = \sqrt{4} + \sqrt{3}$ হলে, $x^3 + \frac{1}{x^3}$ এর মান কত? *[৪৩তম বিসিএস]*

ক) $5\sqrt{3}$ খ) 52

গ) $5\sqrt{2}$ ঘ) $2\sqrt{5}$ উত্তর: খ

সমাধানঃ

$x = \sqrt{4} + \sqrt{3}$

বা, $\frac{1}{x} = \sqrt{4} - \sqrt{3}$

$\therefore\ x + \frac{1}{x} = 2\sqrt{4}$


$x^3 + \frac{1}{x^3} = \left(x+\frac{1}{x}\right)^3 - 3.x.\frac{1}{x}\left(x+\frac{1}{x}\right)$

$= \left(2\sqrt{4}\right)^3 - 3.2\sqrt{4}$

$$= 8 \times \sqrt{4} \times \sqrt{4} \times \sqrt{4} - 6\sqrt{4}$$
$$= 32\sqrt{4} - 6\sqrt{4}$$
$$= 26 \times \sqrt{4} = 26 \times 2 = 52$$

[Matrix গাণিতিক যুক্তি (জুলাই'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৩৯৭ অনুরূপ]

**১৪. O কেন্দ্র বিশিষ্ট বৃত্তে x কোণের মান কত?** *[৪৩তম বিসিএস]*




ক) 54° খ) 72°

গ) 108° ঘ) 126° **উত্তর: ঘ**

[Matrix গাণিতিক যুক্তি (জুলাই'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৬৬৪]

**সমাধানঃ**

আমরা জানি, বৃত্তস্থ বা পরিধিস্থ কোণ কেন্দ্রস্থ কোণের অর্ধেক।

$\angle BAC = \frac{108°}{2} = 54°$

$\angle BAC + \angle BDC = 180°$

বা, $\angle BDC = 180° - 54°$

$\therefore\ x = 126°$

**১৫। একটি প্রতিষ্ঠানের ৪০% কর্মচারী আন্ডারগ্রাজুয়েট, অবশিষ্ট কর্মচারীদের ৫০% গ্রাজুয়েট এবং অবশিষ্ট ১৮০ জন পোস্টগ্রাজুয়েট। প্রতিষ্ঠানটির কতজন কর্মচারী গ্রাজুয়েট?** *[৪৩তম বিসিএস]*

(ক) ১৮০ (খ) ২৪০

(গ) ৩০০ (ঘ) ৩৬০ **উত্তর: ক**

**সমাধানঃ**

অবশিষ্ট (১০০% - ৪০%) = ৬০% কর্মচারীর ৫০% গ্রাজুয়েট ও ৫০% পোষ্টগ্রাজুয়েট।
এই যুক্তিতে দুই দলেই সমান সংখ্যক ১৮০ জন থাকবে।


Matrix BCS Series

**১৬। একটি নৌকা পানির লেভেলে বাঁধা দড়ি দ্বারা একটি ডকের দিকে টানা হয়। নৌকাটি যখন ডক থেকে ১২ ফুট দূরে থাকে, তখন নৌকা থেকে ডক পর্যন্ত দড়ির দৈর্ঘ্য পানির উপর ডকের উচ্চতার দ্বিগুণের চেয়ে ৩গুণ লম্বা হয়। তাহলে ডকের উচ্চতা কত?** *[৪৩তম বিসিএস]*

(ক) ৯ ফুট (খ) ৮ ফুট

(গ) ৫ ফুট (ঘ) ৪ ফুট **উত্তর:** গ

**সমাধানঃ**




পিথাগোরাসের উপপাদ্য অনুসারে,

$(12)^2 + x^2 = (2x+3)^2$

বা, $144 + x^2 = 4x^2+12x+9$

বা, $3x^2+12x-135 = 0$

বা, $x^2+4x-45= 0$

বা, $x^2+9x-5x-45= 0$

বা, $(x+9)(x-5) = 0$

$\therefore x+9 = 0$ অথবা, $x - 5 = 0$

$x = -9$ $x = 5$

$\therefore x = 5$

Matrix BCS Series

# ৪৩ তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা ২০২১

তারিখ: ২৯/১০/২০২১

**FB Page: Matrix BCS Series**

**৪৩তম বিসিএস এর ১৪টি মানসিক দক্ষতা প্রশ্নের মধ্যে ১১টি কমন এসেছে Matrix মানসিক দক্ষতা থেকে। পৃষ্ঠা নং সহ দেয়া হলো:**

## মানসিক দক্ষতা

**১। যদি ROSE কে লেখা হয় ৬৮২১ CHAIR কে লেখা হয় 73456 এবং PREACH কে লেখা হয় ৯৬১৪৭৩, তাহলে SEARCH-এর কোড কত?** *[৪৩তম বিসিএস]*

(ক) 246173 (খ) 214673

(গ) 214763 (ঘ) 216473


উত্তর: খ

[Matrix মানসিক দক্ষতা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ১৯৩ অনুরূপ]

**ব্যাখ্যাঃ** বর্ণগুলো ক্রমানুসারে কোড করা। **SEARCH** এর প্রতিটি বর্ণ আগের শব্দগুলো থেকে ডিকোড করতে হবে।

| R | O | S | E | C | H | A | I | R | P | R | E | A | C | H | S | E | A | R | C | H |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 6 | 8 | 2 | 1 | 7 | 3 | 4 | 5 | 6 | 9 | 6 | 1 | 4 | 7 | 3 | 2 | 1 | 4 | 6 | 7 | 3 |

**২। প্রশ্নবোধক চিহ্নিত স্থানে কোন সংখ্যা বসবে?** *[৪৩তম বিসিএস]*




(ক) ২০ (খ) ২৬ (গ) ৩০ (ঘ) ২৫

উত্তর: খ

[Matrix মানসিক দক্ষতা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৫৩০ অনুরূপ]

**ব্যাখ্যাঃ** উপরের দুই সংখ্যার বর্গের যোগফল-

$$3^2 + 2^2 = 13$$
$$4^2 + 8^2 = 80$$
$$1^2 + 5^2 = 26$$

**৩। DC DE FE ?? HG HI সিরিজের প্রশ্নবোধক চিহ্নের স্থানে কোন বিকল্পটি বসবে?**

(ক) DE (খ) ED

(গ) FG (ঘ) GF

উত্তর: গ

[Matrix মানসিক দক্ষতা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৩৩৭]

**ব্যাখ্যাঃ** লক্ষ্য করুন, D এর পাশে C এবং পরের জোড় D বাদ দিয়ে F বসবে। তেমনি, F এর পাশে E ও পরের জোড়ে F বাদে G বসেছে।


Matrix BCS Series

**৪। এক ব্যক্তি ৫ মাইল পশ্চিমে, ২ মাইল দক্ষিণে, এর পর আবার ৫ মাইজ পশ্চিমে যায়। যাত্রাস্থান থেকে তার সরাসরি দূরত্ব কত?** *[৪৩তম বিসিএস]*

(ক) ৮ মাইল | (খ) ১৫ মাইল
(গ) ১২ মাইল | (ঘ) উপরের কোনটিই নয় | **উত্তর: ঘ**


**[Matrix মানসিক দক্ষতা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৫২৬]**

**সমাধান:** সে সর্বমোট ১০ মাইল পশ্চিমে ও ২ মাইল দক্ষিনে যায়, তাহলে,




সে সর্বমোট $\sqrt{১০৪}$ মিটার দূরে যায় যা অপশনে নাই।

**৫। লিভার (lever)-এর ভারসাম্য ঠিক রাখতে প্রশ্নবোধক স্থানে কত পাউন্ড ওজন স্থাপন করতে হবে?** *[৪৩তম বিসিএস]*




(ক) ৩০ পাউন্ড | (খ) ২৫ পাউন্ড
(গ) ৪০ পাউন্ড | (ঘ) ৩৫ পাউন্ড | **উত্তর: ঘ**

**[Matrix মানসিক দক্ষতা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৫০০]**

**সমাধান:** সংশয়মূলক।

দৈর্ঘ্যগুলোর আকৃতি বিবেচনায় অর্ধেক ধরে-

ডানপাশে মোমেন্ট = বামপাশে মোমেন্ট

বা, $a.x = 20x + 30\frac{x}{2}$

বা, $a = 35lb$

**৬। 'A' 'B'-এর চেয়ে দ্বিগুণ কাজ করতে পারে; তারা দু'জন একত্রে একটি কাজ ১৪ দিনে শেষ করতে পারে। 'A' একা কাজটি কতদিনে করতে পারবে?** *[৪৩তম বিসিএস]*

(ক) ১২ দিনে | (খ) ২৪ দিনে
(গ) ২১ দিনে | (ঘ) ১৫ দিনে | **উত্তর:**

**সমাধান:** যেহেতু দ্বিগুন কাজ করে, সেহেতু ১৪ দিনে সে ৩ ভাগের ২ ভাগ কাজ করে ফেলে। সুতরাং ২ ভাগ কাজ করতে ১৪ দিন লেগে গেলে ৩ ভাগ করতে লাগবে ২১ দিন।

Matrix BCS Series

**৭। 'ঙ, ঞ, ণ,...' ধারার পরবর্তী অক্ষর কী হবে?** *[৪৩তম বিসিএস]*

(ক) ঠ　　(খ) ম

(গ) ন　　(ঘ) র　　**উত্তর:** গ

**[Matrix মানসিক দক্ষতা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ২২]**

**ব্যাখ্যাঃ** নাসিক্য (বর্গীয় পঞ্চম) বর্ণগুলোর ধারাঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | **ঙ** |
| চ | ছ | জ | ঝ | **ঞ** |
| ট | ঠ | ড | ঢ | **ণ** |
| ত | থ | দ | ধ | **ন** |

**৮। 'DRIVE is to LICENCE as BREATHE is to ____. বক্তব্যের শূন্যস্থানে কোন বিকল্পটি বসবে?**

(ক) OXYGEN　　(খ) ATMOSPHERE

(গ) WINDPIPE　　(ঘ) INHALE　　**উত্তর:** ক

**[Matrix মানসিক দক্ষতা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ১৬৪ অনুরূপ]**

**ব্যাখ্যাঃ** রাস্তায় গাড়ি ড্রাইভ করতে গেলে লাইসেন্স লাগবেই; সব আছে কিন্তু লাইসেন্স না থাকলে ধরা খেয়ে যাবেন। তেমনি বায়ুমন্ডল আছে (ATMOSPHERE), বায়ুনালী (WINDPIPE) আছে; আপনি নিঃশ্বাস (INHALE) নিতে হলে OXYGEN লাগবেই।

**৯। 'প্রতিযোগিতায় সবসময় কী থাকে?** *[৪৩তম বিসিএস]*

(ক) topic　　(খ) examination

(গ) party　　(ঘ) participant　　**উত্তর:** ঘ

**ব্যাখ্যাঃ** প্রতিযোগীতা মানেই দ্বন্দ্ব। অংশগ্রহণকারী (participant) ছাড়া প্রতিযোগীতা করবে কে?

**১০। নিচের কোন শব্দটি ভিন্ন ধরনের?** *[৪৩তম বিসিএস]*


(ক) চাঁদ　　(খ) প্লুটো

(গ) মঙ্গল　　(ঘ) পৃথিবী　　**উত্তর:** ক

**ব্যাখ্যাঃ** অপশনগুলোর মধ্যে চাঁদ শুধুমাত্র উপগ্রহ।

**[Matrix মানসিক দক্ষতা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৫৯]**

**১১। নিচের ক, খ, গ ও ঘ এই ৪টি বিকল্প নকশার মধ্যে চিত্রের প্রশ্নবোধ চিহ্নের ঘরে কোন নকশাটি বসবে?**




(ক)　　(খ)　　(গ)　　(ঘ)　　**উত্তর:** ক

**[Matrix মানসিক দক্ষতা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ২৬ অনুরূপ]**

Matrix BCS Series

**ব্যাখ্যাঃ** প্রথম দুটি চিত্রের প্রবাহ অনুসরণ করে উপরের বাম কোণা এসেছে মধ্যে; মধ্যের আকৃতি এসেছে নীচে, নীচের আকৃতি চলে গেছে উপরে। এই বৈশিষ্ট্য বহন করে (ক) অপশন।

**১২। নিচের শব্দগুলোর মধ্যে ৩টি সমগোত্রীয়। কোন শব্দটি আলাদা?** *[৪৩তম বিসিএস]*

(ক) Conventional
(খ) Peculiar
(গ) Conservative
(ঘ) Traditional
**উত্তর:** খ

**ব্যাখ্যাঃ** Peculiar বাদ রেখে বাকি প্রতিটি শব্দ রক্ষণশীলতার সমার্থক।


**১৩। একটি ছবি দেখিয়ে তিন্নী বললো, 'সে আমার দাদার একমাত্র ছেলের ছেলে' ছবির ছেলেটির সাথে তিন্নীর সম্পর্ক কী?** *[৪৩তম বিসিএস]*

(ক) ভাই
(খ) চাচা
(গ) ছেলে
(ঘ) কোন সম্পর্ক নেই
**উত্তর:** ক

[Matrix মানসিক দক্ষতা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ২০৪]

**ব্যাখ্যাঃ** আমার দাদার একমাত্র ছেলের ছেলে আমি অথবা আমার ভাই। তাই উত্তর ভাই।

**১৪। নিচের ক, খ, গ ও ঘ বিকল্প নকশা ৪টির মধ্যে কোনটি প্রশ্নবোধক চিহ্নের স্থানে বসবে?**




(ক) (খ) (গ) (ঘ)
**উত্তর:** ক

**ব্যাখ্যাঃ** ৩য় চিত্রে, ১মটি উল্টেছে। তাহলে, ৪র্থ চিত্রে, ২য়টির উল্টা হবে।

[Matrix মানসিক দক্ষতা (জুন'২০২১ সংস্করণ); পৃষ্ঠা নং- ৯]

যে কোন পরীক্ষার কাঙ্ক্ষিত প্রস্তুতির লক্ষ্যে
আপডেট তথ্য পেতে যুক্ত থাকুন:

**Facebook Page**

**Matrix BCS Series**

Matrix BCS Series